Kartik 06, 1428 Bangla, October 22, 2021 Friday, No. 293, 51st year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says Bangladesh is a non-communal country - terming the incident in Comilla very sad, she says, whoever is guilty in this case will be punished. (VOA: 8)

AL GS says, PM Sheikh Hasina wants a strong opposition party to fulfill people's expectations. But BNP fails to meet the expectations of a strong and responsible opposition party. (R. Tehran: 9)

Police arrests Iqbal Hossain from Cox's Bazar who is accused of keeping the Holy Quran in the puja pavilion in Comilla. (R. Today: 13)

A study by TIB reveals, marginalized people of Bangladesh are discriminated in getting various public services - adds, achieving SDG goal 'leaving no one behind' will be difficult unless accountability is strengthened to ensure basic services to them. (VOA: 7)

Govt. decides to strengthen security inside & outside of the Rohingya camps in Cox's Bazar and bhasanchar - Besides, necessary steps will be taken to control birth rate of Rohingyas. (VOA: 8)

WHO warns, the ongoing corona epidemic will continue in 2022 as world's poorest countries do not receive adequate vaccinations - calls on developed countries to come forward with vaccine grants. (R. Today: 14)

DGHS informs, 10 more people died of COVID-19 yesterday bringing deaths to 27,791 – 243 people tested positive taking number of confirmed cases to 15,66,907. (R. Today: 15)

Global death toll from coronavirus crosses 4,945,287 & worldwide infected cases are 243,273,624 while 220,470,228 people recover from the disease. (R. Today: 15)

**কার্তিক ০৬, ১৪২৮ বাংলা, অক্টোবর ২২, ২০২১ শুক্রবার, নং-২৯৩, ৫১ বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক দেশ। মহান মুক্তিযুদ্ধে সব ধর্মের মানুষ রক্ত দিয়েছে। পবিত্র কোরআন অবমাননাকে কেন্দ্র করে কুমিল্লায় যে ঘটনা ঘটেছে তা খুবই দুঃখজনক। এ ঘটনায় অপরাধী যে-ই হোক না কেন তার বিচার করা হবে। (ভোয়াঃ ৮)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চান দেশে একটি শক্তিশালী বিরোধী দল থাকুক। কিন্তু শক্তিশালী ও দায়িত্বশীল বিরোধী দলের যে প্রত্যাশা তা পূরণে বিএনপি ব্যর্থ হয়েছে। (রে. তেহরানঃ ৯)

কুমিল্লার নানুয়ার দিঘীর পাড়ের অস্থায়ী পূজা মণ্ডপে পবিত্র কোরআন শরীফ রাখার ঘটনায় প্রধান অভিযুক্ত ইকবাল হোসেনকে কক্সবাজার থেকে গ্রেফতার করেছে পুলিশ। (রে. টুডে : ১৩)

বাংলাদেশের প্রান্তিক পর্যায়ের জনগোষ্ঠি বিভিন্ন সরকারি সেবা পেতে বৈষম্যের শিকার হন বলে এক গবেষণায় উঠে এসেছে। টিআইবির গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে, প্রান্তিক জনগোষ্ঠীর মৌলিক সেবা নিশ্চিত করতে জবাবদিহি ব্যবস্থা শক্তিশালী করা না হলে টেকসই উন্নয়ন অভীষ্টের ‘কাউকে পেছনে না রাখা’ লক্ষ্য অর্জন করা কঠিন হবে। (ভোয়াঃ ৭)

কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পগুলোতে ভেতরে বাইরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। নিরাপত্তার পাশাপাশি রোহিঙ্গাদের জন্মহার নিয়ন্ত্রণের জন্যও নেয়া হবে প্রয়োজনীয় পদক্ষেপ। ভাসানচরে থাকা রোহিঙ্গাদের ক্ষেত্রেও নেওয়া হবে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা। (ভোয়াঃ ৮)

বিশ্বের দরিদ্র দেশগুলো পর্যাপ্ত টিকা না পাওয়ায় চলমান করোনা মহামারি সংকট ২০২২ সালেও গড়াবে বলে সতর্ক করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ডব্লিউএইচও। সেজন্য সম্পদশালী দেশগুলোকে টিকা অনুদানে এগিয়ে আসার আহ্বান জানিয়েছে সংস্থাটি। (রে. টুডে : ১৪)

স্বাস্থ্য অধিদফতর গতকাল জানিয়েছে, দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে একদিনে ১০ জনের মৃত্যু হয়েছে, এ নিয়ে মৃতের সংখ্যা দাঁড়ালো ২৭ হাজার ৮০১ জনে ; নতুন রোগী সনাক্ত হয়েছে ২৪৩ জন ; মোট সনাক্তের সংখ্যা ১৫ লাখ ৬৬ হাজার ৯০৭ জন । (রেডিও টুডে : ১৫)

বিশ্বজুড়ে করোনাভাইরাসে মৃত্যুর সংখ্যা ৪৯ লাখ ৪৫ হাজার ছাড়িয়ে গেছে। আর আক্রান্ত সনাক্ত হয়েছে ২৪ কোটি ৩২ লাখ মানুষ। যাদের মধ্যে সুস্থ হয়ে উঠেছেন প্রায় ২২ কোটি ৪ হাজার মানুষ। (রেডিও টুডে : ১৫)

# বিবিসি

## কুমিল্লায় পূজামণ্ডপে কোরআন রাখা ব্যক্তিকে সনাক্ত করা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলছেন, বাংলাদেশের কুমিল্লায় গত ১৩ই অক্টোবর একটি পূজামণ্ডপে কোরআন রাখার ঘটনা কারো প্ররোচনায় বা নির্দেশে হয়েছে। নানোয়ার দিঘী এলাকার ঐ মন্দিরে যিনি কোরআন রেখেছিলেন তাকে সনাক্ত করা হয়েছে একথা জানিয়ে মন্ত্রী বলেছেন যে, লোকটি পরিকল্পনা মাফিক এই ঘটনা ঘটিয়েছেন তবে শেষ খবর পাওয়া পর্যন্ত ঐ ব্যক্তিকে এখনও আটক করা সম্ভব হয়নি। মি. খান বলছেন, তাকে ধরতে সর্বাত্মক চেষ্টা চলছে। স্থানীয় সংবাদ মাধ্যমে ঐ ব্যক্তির পরিচয় প্রকাশ করা হলেও পুলিশ এখনও তার নাম নিশ্চিত করেনি। প্রসঙ্গত গত ১৩ই অক্টোবরের ঐ ঘটনার পর বাংলাদেশের অন্যান্য স্থানে সহিংসতা ছড়িয়ে পড়ে এবং বহু মন্দির ও পূঁজামণ্ডপে হামলা হয়। এসব বিষয়ে জানাতে এখন ঢাকা স্টুডিও থেকে সরাসরি আমার সাথে যোগ দিচ্ছে সংবাদদাতা রাকিব হাসনাত।

রাকিব পূঁজামণ্ডপে কোরআন রাখার অভিযোগে দায়ি ব্যক্তিকে চিহ্নিত করার কথা বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। কিন্তু তিনি এটাও বলছেন যে, কারো প্ররোচনায় এটি হয়ে থাকতে পারে। তিনি কি বোঝাতে চেয়েছেন, কাদের প্ররোচনা তা নিয়ে কি বলেছেন তিনি ?

রাকিব হাসনাত : বিস্তারিত তিনি কিছু বলেননি। শুধু বলেছেন যে, লোকটিকে তারা চিহ্নিত করেছেন তিনি যে পূজামণ্ডপে কোরআন রেখেছেন সেটি নিশ্চিত হয়েছেন। আপনি জানেন বুধবার কুমিল্লা পুলিশ ও জেলা প্রশাসন সিসিটিভির ফুটেজ দেখে কোরআন কে রেখেছে সেটি নিশ্চিত হওয়ার কথা বলেছিলো। তবে আজ স্বরাষ্ট্রমন্ত্রী আরো একটু বিস্তারিত বলেছেন। তিনি বলছেন, যে ব্যক্তি কাজটি করেছেন সেখানে মাজারের সাথে একটি মসজিদ আছে সেখান থেকে মধ্যরাতে কোরআন সংগ্রহ করেছিলেন। মন্ত্রী বলছেন যে, লোকটি তিনবার মসজিদে আসা যাওয়া করেছে। একবার একটি কোরআন নিয়ে আবার সেটি রেখে আবার আর একটি কোরআন তিনি নিয়েছে এবং মসজিদে কারো সাথে কথাও বলেছেন। এসব বর্ণনা দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, কারো দ্বারা নির্দেশিত বা প্ররোচিত না হয়ে এসব তিনি করেছেন বলে তিনি মনে করেন না।

তবে তিনি আরো বলেছেন, যদি এমনটি হয়ে থাকে তাহলে তাকে ধরতে পারলে বিস্তারিত জানা সম্ভব হবে। তবে বাংলাদেশের স্থানীয় গণমাধ্যমে ভিডিও ফুটেজের পাশাপাশি কোরআন রাখার জন্য পুলিশের সন্দেহভাজন ব্যক্তির নাম প্রকাশ করা হয়েছে যদিও পুলিশ সেটি নিশ্চিত করেনি।

বিবিসি : এই ব্যক্তিকে ধরার ক্ষেত্রে স্বরাষ্ট্রমন্ত্রী ও পুলিশ কি বলছেন, প্রশাসন কতটা অগ্রসর হয়েছে ?

রাকিব হাসনাত : ঐ ঘটনার পর ব্যাপক সহিংসতা হয়েছে এবং পুলিশের হিসেবে ৭জন প্রাণ হারিয়েছে। মন্দির-মণ্ডপ আক্রান্ত হয়েছে অনেকগুলো জেলায় এবং এসব কারণে সন্দেহভাজন ব্যক্তিকে ধরতে সর্বাত্মক চেষ্টা চলছে বলে জানিয়েছে স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলছেন, ঐ ব্যক্তি কোন মোবাইল ব্যবহার করেনা আবার তাকে যারা পাঠিয়েছিলো কোরআন রাখতে হয়তো তারাও তাকে লুকিয়ে রাখতে পারে। তবে কুমিল্লার পুলিশ কর্মকর্তারা বলছেন, শুরু থেকেই তাকে ধরার জন্য বহুমুখী পদক্ষেপ নেয়া হয়েছে তাদের পক্ষ থেকে। এমনকি ঐ ব্যক্তির কয়েকজন স্বজনকেও জিজ্ঞাসাবাস করা হয়েছে তার সম্পর্কে তথ্য পাওয়ার জন্য। এছাড়া সন্দেহভাজন ঐ ব্যক্তির পরিবারের সদস্যরা টেলিভিশনে সাক্ষাৎকারে বলেছেন, তার অবস্থান তাদের জানা নেই।

বিবিসি : ব্যক্তিটি কে, তার সম্পর্কে কতটুকু জানা গেছে ?

রাকিব হাসনাত : স্বরাষ্ট্রমন্ত্রী. পুলিশ, জেলা প্রশাসন কেউ বিস্তারিত কিছু বলেনি। তবে টিভি চ্যানেলে ও সামাজিক যোগাযোগ মাধ্যমে যে ভিডিও ফুটেজ প্রচার করা হচ্ছে সেটি দেখে এবং কোনো কোনো গণমাধ্যম পুলিশের বরাদ দিয়ে বলছেন, তারা বাড়ি কুমিল্লায়। তিনি মানসিকভাবে সুস্থ্য নয়, এমন প্রচারনাও আছে কিন্তু তাকে ধরার পর কর্তৃপক্ষ বিস্তারিত জানালে তার পরিচয় পাওয়া যাবে। (বিবিসিঃ ১৯৩০ ঘ. ২১.১০.২০২১ সাইফুর ও আশরাফ)

## নিরাপত্তা ঝুঁকির কারণে ভারতের আগরতলায় বাংলাদেশের চলচ্চিত্র উৎসব বন্ধ

ভারতের ত্রিপুরায় আজ থেকে বাংলাদেশের চলচ্চিত্রের একটি উৎসব হবার কথা ছিল। কিন্তু সেটি স্থগিত হয়ে গিয়েছে। বাংলাদেশের হিন্দু সম্প্রদায়ের উপরে সাম্প্রতিক হামলার প্রতিবাদে এই উৎসব বন্ধ করার ডাক দিয়েছিল ত্রিপুরার হিন্দুত্ববাদী সংগঠনগুলো এবং সেখানকার বিশ্ব হিন্দু পরিষদ বলছে যে, এরকম উত্তেজনাকর পরিস্থিতিতে চলচ্চিত্র উৎসবটি হলে সেখানে হামলা হতেও পারতো। আগরতলায় ১৪৪ ধারা জারি থাকা সত্ত্বেও সেখানে হাজার হাজার বিশ্ব হিন্দু পরিষদের সমর্থক আজ মিছিল করে বাংলাদেশের যে সহকারী হাইকমিশনারের দপ্তরে গিয়েছিলেন। এই নিয়ে বিস্তারিত জানাতে এখন অনুষ্ঠানে যোগ দিচ্ছেন কলকাতা থেকে সংবাদদাতা অমিতাভ ভট্টশালী।

বিবিসি : আগরতলায় বাংলাদেশের যে সহকারী হাই-কমিশনারের দপ্তর সেখান থেকে কী বলা হচ্ছে, কী কারণে এই উৎসব শেষ মুহূর্তে স্থগিত হল ?

অমিতাভ : আগরতলায় বাংলাদেশের সহকারী হাই কমিশনার মি. জোবায়েদ হোসেন যেখানকার স্থানীয় সংবাদ মাধ্যমকে জানিয়েছেন যে, বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের উপরে হামলার ঘটনাগুলি আর তার যে প্রতিক্রিয়া ত্রিপুরায় হয়েছে সেই প্রেক্ষিতেই চলচ্চিত্র উৎসব আপাতত স্থগিত করে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার এবং উৎসবের প্রস্তুতি একেবারে শেষ পর্যায়ে ছিল। সেই রকম সময় এই রকম একটা সিদ্ধান্ত তাদেরকে নিতে হয়েছে এবং এই তিন দিনের উৎসবে 'হাসিনা আ ডটারস টেল', হালদা, জিরো ডিগ্রী, পোড়া মন, আয়নাবাজীসহ অনেক ছবি দেখানোর কথা ছিল। অপু বিশ্বাস, জায়েদ খানের মত অভিনেতা, অভিনেত্রীদের আসার কথা ছিল আগরতলায়। বেশ কয়েকজন বাউল ও সঙ্গীত শিল্পীর অনুষ্ঠানও ছিল। কিন্তু বাংলাদেশের ঘটনাবলীর প্রেক্ষিতে সহকারী হাই কমিশনারের তরফে রাজ্য সরকারের কাছে চিঠিও দেয়া হয়েছিল। কিন্তু তার কোন সদুত্তর পাওয়া যায়নি। সেজন্য শেষ মুহূর্তে উৎসব বন্ধ করতে হয়েছে।
বিবিসি : গত কয়েকদিনে আগরতলায় এমন কী পরিস্থিতি তৈরি হয়েছিল যে, শেষ মুহূর্তে উৎসবের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এমন আশঙ্কা দেখা দিয়েছিল ?
অমিতাভ : দুর্গা পূজামণ্ডপে ভাঙ্গচুর আর হিন্দু সম্প্রদায়ের উপরে হামলার যেসব ঘটনা ঘটেছে বাংলাদেশে তা নিয়ে গোটা ভারতেই হিন্দুত্ববাদী সংগঠনগুলো প্রতিবাদ করছে এবং বিজেপির সহযোগী সংগঠন বিশ্ব হিন্দু পরিষদ সরাসরি না বললেও তাদের অনুগামীরা বাংলাদেশের ঘটনার প্রেক্ষিতে এই চলচ্চিত্র উৎসব বন্ধের দাবি করেছিলেন এবং উৎসবের যেসব গ্রেটিং দেয়া হয়েছিল আগরতলা শহরে সেখানেও বয়কট করার পোস্টার লাগানো হয়েছে। সামাজিক মাধ্যমেও হিন্দুত্ববাদী একাউন্টগুলো থেকে প্রচার চালানো হয়েছে এই উৎসব বন্ধের জন্য।
বিশ্ব হিন্দু পরিষদের ত্রিপুরার সভাপতি চন্দ্র শেখর কর আমাকে বলছিলেন যে, তাদের প্রচুর সমর্থক এই চলচ্চিত্র উৎসব বন্ধ করার অনুরোধ করছিলেন। যদিও সংগঠনটি সরাসরি নিজেরা উৎসব বয়কটের কথা বলেনি এবং মি. করের কথায় এরকম একটা উত্তপ্ত পরিস্থিতিতে যদি কেউ এই অনুষ্ঠানে হামলা করে দেয় তাহলে এর দায় বর্তাবে বিশ্ব হিন্দু পরিষদের উপরে এবং হিন্দুত্ববাদী কোন সংগঠন না হলেও তাদের সদস্য সমর্থকরা যে হামলা করে দিতে পারে বাংলাদেশ চলচ্চিত্র উৎসবে সেরকম একটা আশঙ্কার কথা আরও কয়েকজনও বলছিলেন।
অন্য কয়েকজন সিনিয়ার সাংবাদিক বলছিলেন যে, এখন ঐ রাজ্যে বিজেপি সরকার। তাই তারা তাদের সহযোগী সংগঠনগুলোকে অর্থাৎ হিন্দুত্ববাদী সংগঠনগুলোকে কিছুটা ছাড় দেবে এটাই প্রত্যাশিত যেমন: আপনি উল্লেখ করছিলেন যে, দিওয়ালি পর্যন্ত উৎসবের মৌসুম আর করোনার তৃতীয় সম্ভাব্য ঢেউ আটকাতে আগরতলায় ১৪৪ ধারা আছে কিন্তু সেটা ভেঙ্গেই কিন্তু আজকে হাজার হাজার বিশ্ব হিন্দু পরিষদ মিছিল করে বাংলাদেশের সহকারী হাই কমিশনারের দপ্তরে গেছেন। পুলিশ তাদের বাধা দেয়নি।
তাই চলচ্চিত্র উৎসব যদি হত সেক্ষেত্রেও হিন্দুত্ববাদী কোন সংগঠন বা তাদের সদস্যরা যদি হামলা চালাতে পারে এটা জানা সত্ত্বেও প্রশাসন হয়ত কিছুটা গা ছাড়া মনোভাবই দেখাত। যার ফলে একটা নিরাপত্তার ঝুঁকি তো কিছুটা তৈরি হচ্ছিলই এমনটাই মনে করছেন বিশ্লেষকরা। (বিবিসি: ১৯৩০ ঘ. ২১.১০.২০২১ এলিনা ও আশরাফ)

## ভারতের কর্তৃপক্ষ তিস্তা ব্যারেজের সবগুলো গেট খুলে দেয়ায় বাংলাদেশে উত্তরাঞ্চলে আকস্মিক বন্যা

ভারতের কর্তৃপক্ষ তিস্তা ব্যারেজের গাজলডোবা অংশের সবগুলো গেট খুলে দেবার পর বাংলাদেশের উত্তরাঞ্চলে ৫০টির বেশি গ্রাম আকস্মিকভাবে প্লাবিত হয়েছিল। তারপর এখন পানি কমে গেলেও শুরু হয়েছে ভাঙ্গন। তিস্তা নদীতে পানির স্রোত এখন বিপদসীমার নীচে। তবে তার আগেই পানির তোড়ে অনেক কৃষি জমি, সড়ক এবং বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ক্ষতিগ্রস্ত হয়েছে। লালমনিরহাট, নীলফামারী থেকে এখন পানি ভাটির জেলাগুলোর দিকে গেলেও আরও দুটো জেলায় কিছু অংশ প্লাবিত রয়েছে। বিস্তারিত শাহনাজ পারভিনের প্রতিবেদনে :
তিস্তা নদীতে পানি বিপদসীমা ত্রিশ সেন্টিমিটার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে বলে জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড। পানি কমে এলেও বৃহস্পতিবার সকাল পর্যন্ত লালমনিরহাট, নীলফামারী, রংপুর ও কুড়িগ্রামের প্রায় অর্ধ শতাধিক গ্রাম প্লাবিত হয়েছে। নীলফামারীর ডিমলা উপজেলার উত্তর কুমারপাড়া গ্রামের মোছাম্মত আফরোজা বলছেন, তার পরিস্থিতির কথা (স্বকণ্ঠে): পরিস্থিতি খুব খারাপ, রাস্তা-ঘাট সব পানিতে ডুবে গেছে। দোকানপাট সব বন্ধ হয়ে গেছে। ফসল ডুবে গেছে পানিতে। ধানের দিক দিয়ে সমস্যা। ঘরে পানি পড়ছে।
মঙ্গলবার রাত দশটার দিকে হঠাৎ করেই তিস্তা নদীর পানি বাড়তে শুরু করে। ভারতের তিস্তা ব্যারেজের গাজল ডোবা অংশের সবগুলো গেট খুলে দেবার ফলে বুধবার পর্যন্ত বাংলাদেশ অংশে তিস্তা নদীর পানি হঠাৎ করে বৃদ্ধি পেয়ে বিপদসীমার উপরে চলে যায়। এখন পানি কমার সাথে সাথে নদীর তীর ভাঙ্গন শুরু হয়েছে বলছিলেন লালমনিরহাট জেলার মোহনঘাট ইউনিয়ন পরিষদের মেম্বার গীতা রানী রায় (স্বকণ্ঠে): আমাদের এদিকে ভাঙ্গন বেশি। এখন তো ভাঙ্গতে ভাঙ্গতে মানুষের বাড়ির কাছে নদী চলে এসেছে। তারা বাঁধের উপর বাড়ি করছে, আত্মীয়-স্বজনের বাড়ি যাচ্ছে। যাদের জমিজমা আছে তারা জমি খুঁজে নিয়ে ঘরটা খাড়া করছে। তারা তাদের আশ্রয়টা খুঁজে নিচ্ছে।

পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা বলছেন, পানির তোড়ে তিস্তা ব্যারেজ এলাকার বেশকিছু স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। এর মধ্যে বন্যা নিয়ন্ত্রণ বাঁধের ২৫০ মিটারের বেশি এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। বাঁধ রক্ষার জন্য নদীতে যে স্পার দেয়া হয় তার ২১টি মধ্যে ছয়টি স্পার ভেঙ্গে গেছে বুধবার দিনের মধ্যে লালমনিরহাটের কালিগঞ্জে রংপুর জেলার সাথে সংযোগ সড়কের একাংশ ধসে পড়ার পর এই জেলা দু'টির সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এই মৌসুমে লালমনিরহাট, নীলফামারী অঞ্চলের মানুষ ধান, ভুট্টা, আলু, মিষ্টি কুমড়া, পেঁয়াজ চাষ করে। আর কয়েকদিন বাদেই সেখানে ধান কাটা শুরু হত।
স্থানীয় মানুষেরা বলছেন, আকস্মিক বন্যায় ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। লালমনিরহাটের জেলা প্রশাসক মোহম্মদ আবু জাফর জানিয়েছেন, তার এলাকায় কত পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে (স্বকণ্ঠে): অক্টোবরে আসলে তিস্তার ঐদিকে বন্যা খুবই রেয়ার। এটা মনে হয় ২০/৩০ বছর আগে হয়েছিল কোন একসময়। অক্টোবর মাসে সেই থেকে এখন আর বন্যা হয় না। এটা অনেকটা অপ্রস্তুত হঠাৎ করে পানি এসে আবার পানি নেমে গেছে। এখন আমাদের সদর উপজেলা সেখানে পানি আছে। এটা কুড়িগ্রামের কাছের দিকে। পানি একন কুড়িগ্রাম এবং গাইবান্ধার দিকে নেমে যাচ্ছে। প্রায় সতেরো হাজার পাঁচশো পরিবার পানি বন্দী হয়ে ছিল।
নীলফামারীর ১৫টি গ্রামের ছয় হাজারের মত পরিবার আক্রান্ত হয়েছে বলে জানিয়েছেন, সেখানকার জেলা প্রশাসক। কুড়িগ্রামের জেলা প্রশাসক জানিয়েছেন, তার জেলায় গত রাতে দু'টি ইউনিয়ন প্লাবিত হয়েছে। সেখানকার হাজার খানেক পরিবারকে সরিয়ে ফেলতে হয়েছে। ওদিকে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র থেকে জানানো হয়েছে অক্টোবরের ১৮ ও ১৯ তারিখ ভারত, ভুটান ও নেপালে অতিরিক্ত বৃষ্টিপাতের কারণে সেখানে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। যার ফলে তিস্তার গেট খুলে দেয়া হয়। বাংলাদেশেও কিছুটা বৃষ্টি হবে বলে কেন্দ্রটি জানিয়েছে। তবে তাতে বন্যা পরিস্থিতি তৈরি হবার আশঙ্কা নেই। (বিবিসি: ১৯৩০ ঘ. ২১.১০.২০২১ এলিনা ও আশরাফ)

## বিভিন্ন দেশে নির্যাতিত হিন্দুদের নাগরিকত্ব দেয়ার আইনটি বাস্তবায়নের দাবি ভারতের দলগুলোর

বাংলাদেশের বিভিন্ন জেলায় গত কয়েকদিনে হিন্দুদের উপরে একের পর এক হামলার জেরে ভারতে নাগরিকত্ব আইন নিয়ে বির্তক আবারও নতুন করে মাথাচাড়া দিয়েছে। ভারতে ক্ষমতাসীন হিন্দু জাতীয়তাবাদী বিজেপির বিভিন্ন স্তরের নেতারা অনেক আগে থেকেই এই আইন বাস্তবায়নের দাবি জানিয়ে আসছিলেন আর এখন অন্য বিরোধী দলগুলোর প্রথম সারির নেতারা বলছেন যে, সংশোধিত আইনটির পরিধিকে বিস্তৃত করে বাংলাদেশের নির্যাতিত হিন্দুদের সুরক্ষায় এবং পুর্নবাসনের জন্য ব্যবস্থা নেয়া দরকার। পাশাপাশি ভারতের এই নাগরিকত্ব আইন যে, বাংলাদেশ বা আফগানিস্তানের সংখ্যালঘুদের বিপদে কোন কাজে আসেনি সে কথাও অনেক বিরোধী দল মনে করিয়ে দিচ্ছেন। দিল্লী থেকে শুভ জ্যোতি ঘোষের প্রতিবেদন :
শুভ জ্যোতি ঘোষ : ২০19 এর ডিসেম্বরে ভারতের পার্লামেন্টে পাশ হয়েছিল সংশোধিত নাগরিকত্ব আইন বা সিএএ। যাতে বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তান থেকে ভারতে ধর্মীয় নির্যাতনের শিকার হয়ে আসা হিন্দু শিখ, খ্রীষ্টান বৌদ্ধদের এদেশে নাগরিকত্ব দেয়ার কথা বলা হয়। সেই আইনটিকে মুসলিম বিরোধী ও অসাংবিধানিক বলে বর্ণনা করে এরপর গোটা দেশজুড়ে যে তীব্র বিক্ষোভ ও প্রতিবাদ আন্দোলন শুরু হয় তা ছিল কাযত নজিরবিহীন। কিন্তু গত বছরের মার্চে কোভিড লকডাউন শুরু হতে না হতেই সেই আন্দোলনে ভাটা পড়ে। পুলিশ জোর করে তুলে দেয় দিল্লীর শাহীনবাগের অবরোধ যা ছিলো সিএএ বিরোধী প্রতিবাদের সেন্টার কিন্তু সেই ঘটনার দেড় বছরেরও বেশি সময় পর ভারতে আবারও আইনটি নিয়ে তুমুল তর্কবিতর্ক শুরু হয়েছে।
কংগ্রেসের সিনিয়র নেতা মিলেন দেউরা বিবিসিকে বলছিলেন সাধারণত দেখা যায় একটা বিল আইনে পরিণত হওয়ার ৬ মাসের মধ্যে সেটির বাস্তবায়নের নিয়ম কানুনগুলো চূড়ান্ত করা হয় কিন্তু এই ক্ষেত্রে সিএএ পাশ হওয়ার দু'বছর পরেও সেগুলো কিছুই করা হয়নি। ওদিকে আমরা দেখছি বাংলাদেশ, আফগানিস্তানসহ উপমহাদেশের বিভিন্ন প্রান্তে সংখ্যালঘুরা নির্যাতিত হয়েই চলেছে। তাহলে কি সিএএ শুধুই একটা রাজনৈতিক গেম ছিলো। তিন দিন আগে মি. দেউরা বাংলাদেশের পরিস্থিতিকে উদ্বেগজনক বলে একটি টুইট করেন। যাতে তিনি লিখেছিলেন যারা এখন ধর্মীয় নির্যাতনের শিকার হয়ে বাংলাদেশ থেকে চলে আসতে চাইবেন তাদেরকেও সিএএ এর আওতায় আনতে আইনটির সংশোধন করার প্রয়োজন। স্পষ্টতই এই মুহূর্তে আইনটিতে ২০১4 সালের ৩১ শে ডিসেম্বরের মধ্যে ভারতে আসার ডেডলাইন নির্ধারিত আছে তিনি সেই সময়সীমার মেয়াদ বাড়ানোর কথা বলেছেন এবং ঐ টুইট নিয়ে জল্পনা হচ্ছে বিস্তর।
মাস দুইয়েক আগে কংগ্রেসের আর এক নেতা জয়বীর শেরগিলও দলীয় লাইনের বিরুদ্ধে গিয়ে সিএএ এর আওতায় আফগানিস্তান থেকে শিখ ও হিন্দুদের ভারতে নিয়ে আসার দাবি তুলেছেন। তবে সিএএ এর পক্ষে এই মুহূর্তে আওয়াজ উঠছে বলেই ভারতে ঐ আইনের বিরুদ্ধে প্রতিবাদ আন্দোলনের গুরুত্ব খাটো হয়ে যাচ্ছে তা একেবারেই মনে করেন না এনসিপি দলের সিনিয়র নেতা এমপি মাজিদ নেমান। আইন বিশেষজ্ঞ মি. নেমানের মতে বাংলাদেশে যা ঘটছে তার সঙ্গে ভারতের সিএএ বিরোধীতাকে এক করে দেখাটা মোটেই ঠিক হবে না। যারা এদেশে সিএএ এর বিরোধীতা করছেন তাদের নিজস্ব যুক্তি আছে সেগুলো ধৈয্য ধরে শুনতে হবে।

এদিকে, শিবসেনা দলের মুখপাত্র ও এমপি প্রিয়াঙ্কা চতুরবেদী ও টুইট করেছেন বাংলাদেশে দূর্গা পূজার মণ্ডপ ইস্কনের মন্দির ও হিন্দুদের ঘর-বাড়ি আক্রান্ত হলেও ভারত সরকার তার নিন্দা করে একটি কথাও বলছে না। তার প্রশ্ন যে সিএএ নিয়ে এতো হৈ চৈ হচ্ছিল কোথায় গেলো সেই আইন আর গোটা দেশে যে দলটি সিএএ এর বিরুদ্ধে প্রতিবাদে সব চেয়ে সরব হচ্ছে সেই তৃণমূল কংগ্রেস কিন্তু বাংলাদেশের ঘটনার পর এ বিষয় কোন মন্তব্যই করেনি।
তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জী কেন এতো নিরব বিজেপি সে প্রশ্নও তুলছে। আবার গত বছরে সিএএ বাস্তবায়নে কেন এক পা এগুনো যায়নি বিজেপিকেও সেই প্রশ্নে অস্বস্তিতে পড়তে হচ্ছে। দিল্লীতে দলের মুখপাত্র মানজু ভার্মা এই নিষ্ক্রীয়তার জন্য সাফাই দিয়ে দাবি করছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন সিএএ বাস্তবায়নের নিয়ম-কানুন খুব তাড়াতাড়ি নোটিফাই করা হবে। দেরির জন্য তিনি দায়ি করছেন কোভিড মহামারিকেও পাশাপাশি বলছেন, তাছাড়া এই আইনের ৫, ৬ ও ১৬ নম্বর ধারা অনুযায়ী নাগরিকত্ব প্রদানের প্রক্রিয়াকে এমনিতে যথেষ্ট তরান্বিত করা হয়েছে। বাধ্যতামূলক ১২ বছরের বদলে এখন ৫/৬ বছরের মধ্যে সেটা পাওয়া সম্ভব। তবে বাস্তবতা হলো বাংলাদেশের গত ১০/১২ দিনে যে সব হিন্দু পরিবার আক্রান্ত হয়েছেন তারা যদি কেউ ভিটেমাটি ছেড়ে ভারতে চলে আসতে চান বর্তমান আকারে এদেশের নাগরিকত্ব আইন তাদের কোন কাজে আসবে না।
বিরোধী নেতারা অনেকে এখন আইনটির সেই দুর্বলতার প্রতি দৃষ্টি আকর্ষণ করছেন এবং তারা এটাও বলছেন যে, সিএএ বাংলাদেশের হিন্দুদের জীবন যাপনকে সুরক্ষিত করার বদলে আরো কঠিন করে তুলেছে।
(বিবিসি: ১৯৩০ ঘ. ২১.১০.২০২১ সাইফুর ও আশরাফ)

## গ্লাসগোতে জলবায়ু সম্মেলনের আগে চেষ্টা হয়েছিল জাতিসংঘের গুরুত্বপূর্ণ বক্তব্য বদলানোর : বিবিসি

বিবিসি এমনকিছু ফাঁস হওয়া দলিলপত্র হাতে পেয়ে যে গ্লাসগোতে আগামী সপ্তাহে অনুষ্ঠেয় জলবায়ু পরিবর্তন সংক্রান্ত শীর্ষ সম্মেলনের আগে অনেকগুলো দেশের সরকার চেষ্টা করেছিল যেন জাতিসংঘের একটি গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক রিপোর্টের বক্তব্য বদলানো যায়। তবে জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্ত সরকার প্যানেল বা আইপিসিসি বলেছে সেসমস্ত বক্তব্য পর্যালোচনার প্রক্রিয়ার স্বাভাবিক অংশ। বিস্তারিত সংবাদদাতা সাইয়েদা আক্তারের প্রতিবেদনে।
বিবিসির হস্তগত হওয়া দলিলপত্রের সংখ্যা ৩২ হাজারেরও বেশি। এগুলোতে রয়েছে বিভিন্ন দেশের সরকার, কোম্পানী এবং অন্যান্য আগ্রহী পক্ষের বক্তব্য। যা তারা পাঠিয়েছিলেন জাতিসংঘের বিজ্ঞানী দলের কাছে। জলবায়ু পরিবর্তন কিভাবে ঠেকানো যায় তার সম্পর্কে সর্বোত্তম বৈজ্ঞানিক তথ্য প্রমাণগুলো সমন্বয় করে একটি রিপোর্ট লিখছেন এই বিজ্ঞানীরা। ফাঁস হওয়া দলিলপত্রে বেরিয়ে এসেছে যে, জলবায়ু পরিবর্তন ঠেকাতে ফসিল জাতীয় জ্বালানি ব্যবহার এবং মাংস খাওয়া কমানোর মতো পদক্ষেপগুলোর ক্ষেত্রে এখনও বহু দেশেরই বিরোধী মনোভাব রয়ে গেছে।
আগামী সপ্তাহে গ্লাসগোতে অনুষ্ঠেয় কপ-২৬ নামে আন্তর্জাতিক জলবায়ু সম্মেলনের আগে ফাঁস হওয়া এসব দলিলপত্রে দেখা যাচ্ছে সৌদি আরব, অস্ট্রেলিয়া ও জাপান আইপিসিসিকে বলেছিল ফসিল জাতীয় জ্বালানি ব্যবহার থেকে দ্রুতগতিতে সরে আসার প্রয়োজনকে যেন এতটা বড় করে দেখানো না হয়। ভারত সতর্ক করে দিয়েছে যে, তারা আগামী আরও কয়েক দশক ধরে কয়লা ব্যবহার করবে এমন সম্ভাবনাই বেশি। ব্রাজিল ও আর্জেন্টিনার মতো গরুর মাংস উৎপাদনকারী দেশ দাবি করেছিল যে, মাংস কম খেলে তা গ্রীনহাউস গ্যাস নির্গমন কমানোর ক্ষেত্রে সহায়ক হতে পারে এমন তথ্য-প্রমাণগুলো যেন বেশি জোড়ালোভাবে পেশ না করা হয়। এতে আরও দেখা যায় দরিদ্রতর দেশগুলোকে পরিবেশ বান্ধব প্রযুক্তি গ্রহণ করাতে আরও বেশি অর্থ দেবার যে কথা বলা হচ্ছে তা নিয়ে কিছু ধনীদেশ প্রশ্ন তুলছে। আইপিসিসি বলছে, এসব বক্তব্য যেন কোন পর্যালোচনা প্রক্রিয়ার স্বাভাবিক অংশ। কিন্তু বিবিসির পরিবেশ বিষয়ক সম্পাদক বলছেন গ্লাসগোর আলোচনা কত কঠিন হতে যাচ্ছে তা এসব বক্তব্য এবং লবিং থেকে বোঝা যায়।
(বিবিসি: ২২:৩০ ঘ. ২১/১০/২১ রুবাইয়া/কোহিনূর)

## টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ ৮৪ রানের বড় ব্যবধানে হারিয়েছে পাপুয়া নিউগিনিকে

টি-টোয়েন্টি বিশ্বকাপে আজ বাংলাদেশ ৮৪ রানের বড় ব্যবধানে পাপুয়া নিউগিনিকে হারিয়েছে। বাংলাদেশ প্রথম ব্যাট করে ৭ উইকেটে ১৮১ রান করেছিল। মাহমুদুল্লাহ অধিনায়ক তিনি ২৮ বলে ৫০ রান করেছিলেন। আর জবাবে পাপুয়া নিউগিনি মাত্র ৯৭ রানে অলআউট হয়। বাংলাদেশকে প্রতিযোগিতায় টিকতে হলে আজকের ম্যাচটিতে জিততেই হতো এবং এই বিজয়ের ফলে টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্ব সুপার-১২ এ খেলা নিশ্চিত করেছে বাংলাদেশ।
(বিবিসি: ২২:৩০ ঘ. ২১/১০/২১ রুবাইয়া/কোহিনূর)

## কুমিল্লায় কোরআন রাখার ঘটনায় চিহ্নিত ব্যক্তির নামের আগে ভবঘুরে শব্দ জুড়া হয়েছে : রানা দাসগুপ্ত

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন কুমিল্লায় গত ১৩ই অক্টোবর পূজামণ্ডপে কোরআন রাখার ঘটনা কারও প্ররোচনায় বা নির্দেশে হয়েছে। কোরআন যিনি রেখেছেন তাকে সনাক্ত করা হয়েছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন এই লোকটি পরিকল্পনামাফিক এ ঘটনা ঘটিয়েছেন এবং তাকে ধরার জন্য এখন সর্বাত্মক চেষ্টা চলছে। বাংলাদেশের স্থানীয় গণমাধ্যমে এই ব্যক্তির নাম প্রকাশ করা হয়েছে যদিও পুলিশ তা নিশ্চিত করেনি। এসমস্ত ঘটনা নিয়ে হিন্দু সম্প্রদায়েরই বা প্রতিক্রিয়া কি এরকম প্রশ্ন নিয়ে কথা বলেছিলাম সংবাদদাতা রাকিব হাসনাতের সাথে।

বিবিসিঃ এখন কর্তৃপক্ষ যা বলছে এই পূজামন্ডপে কোরআন রাখার বিষয় তাতে হিন্দু সমাজের দিক থেকে কি কোন প্রতিক্রিয়া পাওয়া গেছে?

মি. রাকিবঃ আনুষ্ঠানিক কোন প্রতিক্রিয়া হিন্দু সম্প্রদায়ের কোন সংগঠন থেকেই আসেনি। তবে হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক রানা দাসগুপ্ত আজ চট্টগ্রামে বলেছেন কুমিল্লায় যাকে চিহ্নিত করা হয়েছে তার নামের আগে ভবঘুরে শব্দ জুড়ে দেয়া হয়েছে। এমন যাদের ধরা হয় তখন তাদের হয় পাগল না হয় ভবঘুরে বলা হয় বলে তিনি উল্লেখ করেছেন। কিন্তু তিনি মনে করেন এটি কোন ভবঘুরের কাজ হতে পারে না। এর পেছনে যারা আছে তাদের সরকার এবং প্রশাসনকেই বের করে আনতে হবে বলে তিনি মন্তব্য করেছেন।

(বিবিসি: ২২:৩০ ঘ. ২১/১০/২১ রুবাইয়া/কোহিনূর)

## ভয়েস অফ আমেরিকা

### কুমিল্লার পূজামণ্ডপে কোরআন রেখেছিলেন জনৈক ইকবাল হোসেন, বলছে পুলিশ

কুমিল্লার পূজামণ্ডপে পবিত্র কোরআন রেখেছিলেন জনৈক ইকবাল হোসেন। বাবার নাম আহমেদ আলম। আবাস কুমিল্লা শহরের সুজানগর এলাকায়। কুমিল্লার পুলিশ সুপার ফারুক আহমেদ গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন। তিনি বলেছেন, সিসি ক্যামেরার ফুটেজ দেখে পুলিশ এটা নিশ্চিত হয়েছে। তবে এখন পর্যন্ত তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। পুলিশ সূত্রের বরাতে সংবাদ মাধ্যমের খবর, ইকবাল হোসেন একজন ভবঘুরে। কোনো রাজনৈতিক দলের সঙ্গে তার সংশ্লিষ্টতা আছে কিনা তদন্ত করে দেখা হচ্ছে। শারদীয় দুর্গা পূজার মহা অষ্টমীর দিনে গত ১৩ ই অক্টোবর কুমিল্লা শহরের নানুয়া দীঘির উত্তর পাড়ে একটি অস্থায়ী পূজামণ্ডপে কে বা কারা পবিত্র কোরআন রেখে যায়। এরপর কোরআন শরীফ অবমাননার অভিযোগে পূজামণ্ডপে হামলা চালানো হয়। এই ঘটনা সারা দেশে ছড়িয়ে পড়ে। কুমিল্লার হাজিগঞ্জে হিন্দুদের উপর হামলা চালানোর সময় পুলিশের সঙ্গে সংঘর্ষ হয়। এতে চারজন নিহত হন। একদিন পর নোয়াখালীর বেগমগঞ্জে হিন্দুদের মন্দির ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালানো হয়। সেখানে দুজনের মৃত্যু হয়।

(ভোয়া:২২০০ঘ.২১.১০.২০২১মোতালেব)

### বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠী সরকারি সেবা প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্যের শিকার : টিআইবি'র গবেষণা

বাংলাদেশের প্রান্তিক পর্যায়ের জনগোষ্ঠি বিভিন্ন সরকারি সেবা পেতে বৈষম্যের শিকার হন বলে এক গবেষণায় উঠে এসেছে। দুর্নীতি বিরোধী সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবি এই গবেষণাটি পরিচালনা করে। গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে, সরকারি সেবায় প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিতে বাধা, বৈষম্য ও জবাবদিহিতার ঘাটতি সংবিধানের সমতাভিত্তিক বৈষম্যহীন রাষ্ট্রের অঙ্গীকারকে পদদলিত করছে। সংস্থাটি বলছে, প্রান্তিক জনগোষ্ঠীর মৌলিক সেবা নিশ্চিত করতে জবাবদিহি ব্যবস্থা শক্তিশালী করা না হলে টেকসই উন্নয়ন অভীষ্টের 'কাউকে পেছনে না রাখা' লক্ষ্য অর্জন করা কঠিন হবে।

'সরকারি সেবায় প্রান্তিক জনগোষ্ঠীর অভিগম্যতা : জবাবদিহি ব্যবস্থার বিশ্লেষণ'-শীর্ষক গবেষণা প্রতিবেদন বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে প্রতিবেদন পেশের পাশাপাশি সংকট উত্তরণে ১০ দফা সুপারিশও দিয়েছে সংস্থাটি।

টিআইবি জানায়, ২০২০ সনের অক্টোবর থেকে ২০২১ সনের সেপ্টেম্বর পর্যন্ত সময়কালে গুণবাচক এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিমাণবাচক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের মাধ্যমে গবেষণাটি করা হয়। আদিবাসী, অ্যাসিড সন্ত্রাসের শিকার, দলিত, চা বাগান শ্রমিক, হিজড়া জনগোষ্ঠীদের এই গবেষণায় অন্তর্ভুক্ত করা হয়।

গবেষণার ফলাফলে দেখা যায়, প্রান্তিক জনগোষ্ঠী সম্পর্কে সুনির্দিষ্ট উপাত্তের অনুপস্থিতি তাদের প্রতি উদাসীনতা ও অবজ্ঞার বহিঃপ্রকাশ, এবং তাদের মূলধারায় নিয়ে আসার ক্ষেত্রে একটি বড় বাধা। প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে সরকারি সেবা ও জবাবদিহি ব্যবস্থা সম্পর্কে প্রচারে ঘাটতি রয়েছে। এছাড়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মীদের নেতিবাচক মানসিকতা ও চর্চা, অভিযোগ দাখিলে প্রত্যাশিত ফলাফল না পাওয়ার কারণে প্রান্তিক জনগোষ্ঠী জবাবদিহি কাঠামো ব্যবহারে নিরুৎসাহিত হন।

গবেষণায় দেখা যায়, বাংলাদেশ সংবিধানে নাগরিকের বিশেষ কোনো বৈশিষ্ট্যের কারণে অধিকার ও সেবা প্রাপ্তিতে তার প্রতি বৈষম্য প্রদর্শন করা যাবে না উল্লেখ করা হলেও, জাতীয় মানবাধিকার কমিশনের 'খসড়া বৈষম্য বিলোপ আইন' এখনো পাস হয়নি। আবার খসড়া আইনে অভিযোগ অনুসন্ধানকারী ও তদন্তকারী কর্মকর্তা এবং জাতীয় মানবাধিকার কমিশনকে জবাবদিহি করার বিষয়টি উল্লেখ নেই।

অন্যদিকে, তদন্তের স্বার্থে 'সময় বর্ধিত' করা এবং 'যুক্তিসঙ্গত' কারণে মামলা মুলতবির সুযোগ আইনে দেয়া আছে, যার পর্যাপ্ত ব্যাখ্যা খসড়া আইনে অনুপস্থিত।

প্রতিবেদনে বলা হয়, আইনগতভাবে সকল আদিবাসীর পরিচয় ও তাদের ভূমি অধিকারের স্বীকৃতি নেই। পার্বত্য চট্টগ্রামের আদিবাসীদের জন্য ভূমি কমিশন থাকলেও সমতলে বসবাসরত বৃহৎ আদিবাসী জনগোষ্ঠীদের ভূমি সমস্যা

সমাধানে ভূমি কমিশন নেই। গবেষণা অনুযায়ী প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এবং নীতিমালা, ২০১৫- এ অ্যাসিড সন্ত্রাসের শিকার ভুক্তভোগীদের প্রতিবন্ধিতাসহ ব্যক্তি হিসেবে চিহ্নিত করে সরাসরি নিবন্ধনের সুযোগ রাখা হয়নি।

গবেষণা প্রতিবেদনে বলা হয়, জাতীয় শিক্ষা নীতি, ২০১০এ আদিবাসী ভাষার বই বিতরণ, এর পাঠদান নিশ্চিত, শিক্ষক চাহিদা নিরূপণ ও তাদের প্রশিক্ষণ তদারকির বিষয়টি উল্লেখ না থাকায় তদারককারীদের জবাবদিহি নিশ্চিত করা যায় না।

সুনির্দিষ্ট তথ্য উপাত্তের ঘাটতি ও অস্পষ্টতা প্রান্তিক জনগোষ্ঠীকে মূলধারায় অন্তর্ভুক্তিকরণে বড় চ্যালেঞ্জ উল্লেখ করে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, সেবা প্রদানের জন্য এবং অভিযোগ দায়েরের জন্য প্রাতিষ্ঠানিক এবং সামাজিক ব্যবস্থাপনা রয়েছে যেটি অন্তর্ভুক্তিমূলক না হওয়ায় সেবা প্রাপ্তি থেকে প্রান্তিক জনগোষ্ঠী অনেক ক্ষেত্রেই বঞ্চিত হন। বঞ্চিত হওয়ার পর যদি অভিযোগ দায়ের করেন, তখন তারা বাধাগ্রস্ত হন কিংবা প্রতিকার পান না। বরং অনেক সময় অভিযোগ উত্থাপন করলে হুমকির সম্মুখীন হন।

সম্প্রতি ঘটে যাওয়া সাম্প্রদায়িক সহিংসতার বিষয়ে টিআইবি'র নির্বাহী পরিচালক বলেন, রাজনৈতিক পৃষ্টপোষকতার জন্যই সাম্প্রদায়িকতার বিস্তার ঘটছে। এছাড়া আগে ঘটে যাওয়া ঘটনাগুলোর বিচার না হওয়াও এসব ঘটনার পুনরাবৃত্তির অন্যতম কারণ।

এসব সংকট থেকে উত্তরণের জন্য ১০টি সুপারিশ করা হয়েছে টিআইবি'র পক্ষ থেকে। এর মধ্যে বিভিন্ন সেবায় প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তিতে বাধা দূর করা এবং বৈষম্যহীন ও জবাবদিহিমূলক সেবা নিশ্চিত করতে বৈষম্য বিলোপ আইন দ্রুত প্রণয়ন করার তাগিদ দেয়া হয়েছে। (ভোয়া:২২০০ঘ.২১.১০.২০২১মোতালেব)

## কুমিল্লার ঘটনা দুঃখজন, অপরাধীর বিচার হবে : শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, "বাংলাদেশ একটি অসাম্প্রদায়িক দেশ। এখানে সব ধর্মের মানুষ সম্মানের সঙ্গে যুগের পর যুগ বসবাস করছে। মহান মুক্তিযুদ্ধে সব ধর্মের মানুষ রক্ত দিয়েছে। পবিত্র কোরআন অবমাননাকে কেন্দ্র করে কুমিল্লায় যে ঘটনা ঘটেছে তা খুবই দুঃখজনক। এ ঘটনায় অপরাধী যে-ই হোক না কেন তার বিচার করা হবে।" বৃহস্পতিবার সকালে কুমিল্লা আওয়ামী লীগ কার্যালয়ের উদ্বোধন অনুষ্ঠানে ঢাকা থেকে বক্তব্য রাখার সময় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী গণভবন থেকে অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন।

শেখ হাসিনা বলেন, "মানবধর্মকে সম্মান করা ইসলাম আমাদের শেখায়। নিজের ধর্ম পালনের অধিকার সবার আছে। কিন্তু অন্যের ধর্মকে কেউ হেয় করতে পারে না। নিজের ধর্মকে সম্মান করার সঙ্গে সঙ্গে অন্যের ধর্মকেও সম্মান করতে হয়।" সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে প্রতিটি এলাকায় আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীদের নজরদারি বাড়ানোর নির্দেশ দেন দলীয় সভানেত্রী। শেখ হাসিনা বলেন, "সাম্প্রদায়িক সম্প্রীতিবজায় রাখতে হবে। প্রত্যেকটা এলাকায় আমাদের নেতা-কর্মীদের নজরদারি বাড়াতে হবে। শান্তি-সম্মেলন, শান্তি-মিছিল, শান্তি-সভা করতে হবে। সম্প্রীতির ব্যবস্থা নিতে হবে, যেন কোনোরকমের সংঘাত দেখা না দেয়।"

তিনি বলেন, "এই মাটিতে প্রত্যেকটা ধর্মের মানুষ সে মুসলমান হোক, খ্রিস্টান হোক, হিন্দু হোক, বৌদ্ধ হোক সবাই যেন ভালোভাবে বাঁচতে পারে। মানুষকে মানুষ হিসেবে আমি দেখি। আওয়ামী লীগের নেতা-কর্মীদেরও মানুষকে মানুষ হিসেবেই দেখতে হবে। আর সেভাবে মানুষের সেবা করতে হবে।"

অপরাধীদের বিচার সরকার করবে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, "আইন কেউ হাতে তুলে নেবেন না। কেউ যদি অপরাধ করে, সে যেই হোক অপরাধীদের বিচার হবে। আমাদের সরকার সেই বিচার করবে।" শেখ হাসিনা বলেন, "আমাদের নবী বলেছেন ধর্ম নিয়ে কেউ বাড়াবাড়ি করবে না। আমাদের সকলেরই সে কথাটা মেনে চলতে হবে।"

সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্টের ষড়যন্ত্রে ক্ষতিগ্রস্তদের কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, "কুমিল্লার ঘটনার পরে পীরগঞ্জসহ বিভিন্ন জায়গায় ঘটনা ঘটেছে। যাদের ঘরবাড়ি পুড়েছে, তাঁবু করে তাদের থাকার ব্যবস্থা, প্রথমে শুকনো খাবারের ব্যবস্থা, রান্না করা খাবার দেওয়া হচ্ছে। তাদের কাপড়চোপড় সবরকম ব্যবস্থা করা হচ্ছে। চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে, যাদের এভাবে ক্ষতি হয়েছে, ক্ষতিগ্রস্ত সবাইকে আমরা ঘরবাড়ি তৈরি করে দেবো এবং ইতোমধ্যে সে ব্যবস্থা নিয়েছি।"

ওদিকে কুমিল্লার পুলিশ সুপার ফারুক আহমেদ বুধবার গণমাধ্যমকে জানিয়েছেন কুমিল্লার পূজামণ্ডপে পবিত্র কোরআন রেখেছিলেন জনৈক ইকবাল হোসেন। তিনি বলেছেন, সিসি ক্যামেরার ফুটেজ দেখে পুলিশ এটা নিশ্চিত হয়েছে। তবে এখন পর্যন্ত তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। (ভোয়া: ২২০০ঘ. ২১.১০.২০২১ মোতালেব)

## জাতীয় কমিটি'র সভায় সিদ্ধান্ত : রোহিঙ্গা ক্যাম্পের ভেতরে বাইরে বাড়তি নিরাপত্তা

কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পগুলোতে ভেতরে বাইরে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। নিরাপত্তার পাশাপাশি রোহিঙ্গাদের জন্মহার নিয়ন্ত্রণের জন্যও নেয়া হবে প্রয়োজনীয় পদক্ষেপ। ভাসানচরে থাকা রোহিঙ্গাদের ক্ষেত্রেও নেওয়া হবে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা। সন্ধ্যার পর ভাসানচর থেকে নোয়াখালী কিংবা হাতিয়ায় যাতায়াত বন্ধ থাকবে। এ সময় ওই পথে মূল ভূখণ্ডের কোনো নৌযান চলাচল করবে না। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বৃহস্পতিবার

অনুষ্ঠিত ‘বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটি’র সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়েছে।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের সভাপতিত্বে জাতীয় কমিটির সভায় উপস্থিত ছিলেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান, মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, জননিরাপত্তা সচিব, পররাষ্ট্র সচিব, সশস্ত্র বাহিনীর প্রিন্সিপাল স্টাফ অফিসার, সুরক্ষা সেবা বিভাগের সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ সচিব, পুলিশ মহাপরিদর্শক, এনএসআই মহাপরিচালক, ডিজিএফআই মহাপরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "কক্সবাজার ও ভাসানচরে রোহিঙ্গা ক্যাম্পগুলোর ভেতরে আইন-শৃঙ্খলা রক্ষা করা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সবার সঙ্গে আলোচনা করা হয়েছে। এসব এলাকায় নিরাপত্তা বাড়ানোরও ব্যবস্থা করা হবে। নিরাপত্তা বাড়াতে এপিবিএন কোস্টগার্ডসহ আইন-শৃঙ্খলা বাহিনীর জনবল ও লজিস্টিক সাপোর্ট দেওয়া হবে। ক্যাম্পের ভেতরে পুলিশ, এপিবিএন, আনসার ও র‍্যাবের যৌথ টহল বাড়ানো হবে। ক্যাম্পের বাইরে সেনাবাহিনী, বিজিবি, র‍্যাব আছে। তারা সবসময় সতর্ক অবস্থায় আছে ও থাকবে। রোহিঙ্গা ক্যাম্পে মাদক প্রবেশ, মাদক ব্যবস্থা ও বিক্রয়রোধে মনিটরিং বাড়ানো হবে। নিরাপত্তা নিশ্চিতে ক্যাম্পগুলোতে কাঁটাতারের বেড়া নির্মাণ শেষ পর্যায়ে রয়েছে। বেশি কিছু ওয়াচ টাওয়ার হয়েছে, আরও হবে। অভ্যন্তরীণ রাস্তার কাজও শুরু হবে। ফায়ার সার্ভিসের সুবিধাও বাড়ানো হচ্ছে।"

ক্যাম্পে রোহিঙ্গাদের জন্মহার প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "রোহিঙ্গাদের জন্মহার লাগামহীন হওয়ায় তাদের পরিবারের পরিসর বেড়ে যাচ্ছে। জন্মহার নিয়ন্ত্রণ ও নতুন জন্ম নেওয়া রোহিঙ্গাদের তালিকাভুক্তিকরণের বিষয়টি আলোচনায় আসছে।"

মিয়ানমার সীমান্তের নিরাপত্তা প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, "মাদক চোরাচালান প্রতিরোধে সীমান্তে টহল আরও বাড়ানো হবে। নাফ নদীতে আইন-শৃঙ্খলা বহিনীর তদরকি আরও জোরদার করা হবে। প্রয়োজনে উখিয়া ও টেকনাফে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য বাড়ানোর চিন্তা-ভাবনা হচ্ছে।" তিনি বলেন, "সীমান্তে গুলির আমাদের কোনো উদ্দেশ্য নেই। কেউ যদি সীমান্তের নিয়ম ভাঙে তখন বিজিবি ব্যবস্থা নেয়। কেউ যদি ফায়ার ওপেন করে, বিজিবিও পাল্টা ফায়ার ওপেন করে। নিরাপরাধ লোককে ফায়ার করা বিজিবির কাজ নয়। বিজিবি যদি দেখে কেউ ফায়ার করছে, তখন তারা পাল্টা ফায়ার করে। এখানে ফায়ার করার জন্য বিজিবি নয়, বিজিবি সীমান্ত রক্ষা করার জন্য। সীমান্ত রক্ষার জন্য যা যা প্রয়োজন, বিজিবিকে তা করার ক্ষমতা দেওয়া হয়েছে। (ভোয়া: ২২০০ঘ. ২১.১০.২০২১ মোতালেব)

## রেডিও তেহরান

### সরকারের ধারাবাহিকতা আছে বলেই দেশের উন্নয়ন সম্ভব হচ্ছে সম্ভব : প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকারের ধারাবাহিকতা আছে বলেই দেশের উন্নয়ন সম্ভব হচ্ছে। এছাড়া সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চান দেশে একটি শক্তিশালী বিরোধী দল থাকুক। কিন্তু শক্তিশালী ও দায়িত্বশীল বিরোধী দলের যে প্রত্যাশা তা পূরণে বিএনপি ব্যর্থ হয়েছে। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খানের প্রতিবেদন :

বাংলাদেশে টানা তিন দফায় ক্ষমতাসীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকারের ধারাবাহিকতা আছে বলেই দেশের উন্নয়ন সম্ভব হচ্ছে। মহামারির কারণে উন্নয়নের গতি কিছুটা কমে গেলেও দেশ থেমে থাকেনি, দেশ এগিয়ে যাচ্ছে। আজ বৃহস্পতিবার সকালে তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজধানীর পূর্বাচলে নির্মিত বঙ্গবন্ধু বাংলাদেশ-চীন মৈত্রী প্রদর্শনী কেন্দ্রের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী একথা বলেন। সরকার প্রধান বলেন, এই প্রদর্শনী কেন্দ্রটি বছরব্যাপী বিভিন্ন পণ্যভিত্তিক মেলার স্থায়ী ভেন্যু হিসেবে ব্যবহৃত হবে। আর এখন থেকে এখানেই স্থায়ী প্ল্যাটফর্মে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা অনুষ্ঠিত হবে।

সেখানে চীন সরকারের প্রকল্প সহায়তায় সকল প্রকার আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত এই সুপরিসর এক্সিবিশন সেন্টার নির্মাণ করা হয়েছে। এই সেন্টারটি নির্মাণে জমির মূল্যসহ মোট ব্যয় হয়েছে ৮১৭ কোটি টাকা। এর মধ্যে চীন সরকার ব্যয় করেছে ৫২৬ কোটি টাকা।

এদিকে, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চান দেশে একটি শক্তিশালী বিরোধী দল থাকুক। কিন্তু শক্তিশালী ও দায়িত্বশীল বিরোধী দলের যে প্রত্যাশা তা পূরণে বিএনপি ব্যর্থ আজ বৃহস্পতিবার সকালে ওবায়দুল কাদের তাঁর বাসভবনে ব্রিফিংকালে শেখ হাসিনা সরকারের এ প্রত্যাশার কথা জানিয়ে বলেন, জনগণও চায় একটি বিরোধীদল থাকুক যারা জনগণের চোখের ভাষা বুঝবে ও যাদের রাজনৈতিক কর্মসূচি পালনের সক্ষমতা থাকবে। (রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ২১.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

## পবিত্র কোরআন অবমাননা ; অপরাধী যে-ই হোক না কেনো, তার বিচার করা হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, পবিত্র কোরআন অবমাননাকে কেন্দ্র করে কুমিল্লায় যে ঘটনা ঘটেছে তা খুবই দুঃখজনক। এদিকে, স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, দুর্গা পূজার সময়ে যেসব ঘটনা ঘটেছে সেগুলো বিচ্ছিন্ন ঘটনা। এ ব্যাপারে বিএনপিও প্রতিক্রিয়া দেখিয়েছে। এ সম্পর্কে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদন :

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, পবিত্র কোরআন অবমাননাকে কেন্দ্র করে কুমিল্লায় যে ঘটনা ঘটেছে তা খুবই দুঃখজনক। এ ঘটনায় অপরাধী যে-ই হোক না কেনো, তার বিচার করা হবে। আজ বৃহস্পতিবার কুমিল্লা আওয়ামী লীগ কার্যালয় উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে এমন আশ্বাসবাণী শোনান। এসময় সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে প্রত্যেক এলাকায় আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছেন দলটির সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা,(স্বকণ্ঠে) : "কুমিল্লায় যে ঘটনাটা ঘটে গেছে এটা সত্যি খুব দুঃখজনক। প্রত্যেকটা এলাকায় এলাকায় আমাদের নেতা-কর্মীদের নজরদারি বাড়াতে হবে। শান্তি সম্মেলন, শান্তি মিছিল, সম্প্রীতি বাড়ানোর ব্যাবস্থা নিতে হবে যেন কোনো রকমের সংঘাত দেখা না দেয়।

তবে, বিরোধী বিএনপির পক্ষ থেকে আবারো অভিযোগ করা হয়েছে, গণমাধ্যমের অনুসন্ধানী রিপোর্টে বেরিয়ে আসছে সম্প্রতি ঘটে যাওয়া সাম্প্রদায়িক সহিংসতার পেছনে রয়েছে আওয়ামী লীগের লোকজন। কিন্তু তারা দোষারোপ করছে বিএনপিকে, (স্বকণ্ঠে) : "যে সমস্ত অনুসন্ধানী রিপোর্ট গণমাধ্যম প্রকাশ করছে, প্রত্যেকটাতেই আওয়ামী লীগ এবং ছাত্রলীগের নাম বেরিয়ে আসছে। সাম্প্রদায়িকতার ঘুমন্ত দানবকে জাগিয়ে তুলে নিজেদের সকল ব্যর্থতা ঢাকার চেষ্টা করেছে। আওয়ামী লীগ যুগ যুগ ধরে দলে দলে বিভাজন সৃষ্টি করেছে এখন সম্প্রদায়ের মধ্যে বিভেদ তৈরি করছে।"

এদিকে, স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল আজ বলেছেন, দুর্গা পূজার সময়ে কুমিল্লা থেকে শুরু করে রংপুর পর্যন্ত যেসব ঘটনা ঘটেছে সেগুলো বিচ্ছিন্ন ঘটনা। এখন পরিবেশ পুরোপুরি শান্ত। মানুষের মন থেকে আতঙ্ক কমে গেছে। আজ বৃহস্পতিবার বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিয়ে জাতীয় সমন্বয় সভার বৈঠক শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, কুমিল্লার ঘটনায় সিসি ক্যামেরার ফুটেজ দেখে একজনকে ধরা হয়েছে। ওই ব্যক্তি কার নির্দেশে ও প্ররোচনায় এ কাজ করেছে তা বের করার চেষ্টা করা হচ্ছে।

এদিকে, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেছেন, রাজনৈতিক পৃষ্ঠপোষকতার জন্যই দেশে সাম্প্রদায়িকতার বিস্তার ঘটছে। সাম্প্রদায়িকতার রাজনৈতিক পৃষ্ঠপোষকতা বন্ধ করতে হবে। আজ বৃহস্পতিবার ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ পরিচালিত 'সরকারি সেবায় প্রান্তিক জনগোষ্ঠীর অভিগম্যতা : জবাবদিহি ব্যবস্থার বিশ্লেষণ'-শীর্ষক প্রতিবেদন প্রকাশ উপলক্ষে আয়োজিত ভার্চুয়াল সংবাদ সম্মেলনে এক প্রশ্নের উত্তরে ইফতেখারুজ্জামান এ কথা বলেন।

(রেডিও তেহরান : ২০৩৫ ঘ. ২১.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

## কারও প্ররোচনা ছাড়া কুমিল্লার ঘটনা ঘটেছে আমরা মনে করি না : স্বরাষ্ট্রমন্ত্রী

ইকবাল হোসেন নামের ব্যক্তিটি কারও নির্দেশ কিংবা প্ররোচনায় কুমিল্লায় পূজামণ্ডপে পবিত্র কোরআন শরিফ রেখেছিলেন বলে মনে করেন বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান। ওই ব্যক্তিকে লুকিয়ে রাখা হয়েছে বলেও সন্দেহ করছেন তিনি।

আজ (বৃহস্পতিবার) সচিবালয়ে বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের (রোহিঙ্গা) সমন্বয়, ব্যবস্থাপনা ও আইনশৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটির সভা শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন। ইকবাল হোসেনকে সনাক্ত করার বিবরণ তুলে ধরে বলেন, কুমিল্লার ঘটনাটি যে লোকটি করেছেন, তাকে ক্যামেরার মাধ্যমে চিহ্নিত করা হয়েছে। তিনি মাজারের সঙ্গের মসজিদে দিবাগত রাত ৩টার দিকে গিয়েছিলেন। একবার, দুইবার নয় তিনবার গিয়েছেন। ওই মসজিদের দু'জন খাদেম ছিলেন, তাদের সঙ্গে ইকবাল কথা বলেছেন।

মন্ত্রী বলেন আমাদের অভিজ্ঞ টিম দীর্ঘক্ষণ এটা বিশ্লেষণ করে সুনিশ্চিত হয়েছে যে এই ব্যক্তিটি (ইকবাল) মসজিদ থেকে পবিত্র কোরআন শরিফ এনে রেখেছেন, সেটা তারই কর্ম। রেখে তিনি প্রতিমার গদাটি সেখান থেকে কাঁধে করে নিয়ে এসেছেন। কাজটি পরিকল্পনা মাফিক করা হয়েছে। দুই থেকে তিনবার যাওয়া-আসার মধ্যে তিনি এই কর্মটি শেষ করেছেন। কাজেই এটি নির্দেশিত হয়ে কিংবা কারও প্ররোচনা ছাড়া এটি করেছেন বলে তারা এখনো মনে করেন না। তাকে ধরতে পারলে বাকি সব উদ্ধার হবে বলে মন্ত্রী বিশ্বাস করেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ইকবাল হোসেন মোবাইল ব্যবহার করছেন না। যারা তাকে পাঠিয়েছিলেন, তারাও তাকে লুকিয়ে রাখতে পারেন। তবে বের করার সর্বোচ্চ চেষ্টা নেয়া হয়েছে।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, সকালে ৯৯৯-এ ফোন পেয়ে ওসি তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে গেছেন। সরকারি গাড়ি ছিল না, একটি স্কুটারে করে তিনি তাৎক্ষণিকভাবে চলে গেছেন। যেহেতু কোরআন শরিফ, যথেষ্ট শ্রদ্ধার সঙ্গে তিনি কোরআন শরিফ বুকে নিয়ে বের হয়েছেন। কে বা কারা তার ভিডিও করেছেন তিনি খেয়াল করেছেন কিনা

আমি জানি না। খেয়াল করলে নিশ্চয়ই তিনি বলতেন ভিডিও করা থেকে বিরত থাকুন। যে করেছে তাকেও আমরা দেখেছি, জিজ্ঞাসাবাদ চলছে। আমি সব সময় বলে আসছি, এই ঘটনাটা সাজানো ঘটনা হতে পারে, উদ্দেশ্যমূলক হতে পারে। আমরা সব সময় বলে আসছি, যেটুকু আমাদের সন্দেহ ছিল সেটা পরিষ্কার করতে হলে জিজ্ঞাসাবাদ করতে হবে।

তিনি বলেন, আমাদের নিরাপত্তা বাহিনী তৎপর থাকায় কুমিল্লায় আর কিছু ঘটেনি। তারপরে হয়েছে হাজীগঞ্জে। সেখানে ফেইসবুকের বদৌতলে লোকজন উত্তেজিত হয়ে মন্দিরে হামলা চালিয়েছে। সেই মন্দির রক্ষার জন্য পুলিশ প্রথমে রাবার বুলেট ছুঁড়েছে, টিয়ারগ্যাস ছেড়েছে, এমন একটা পর্যায় আসে তাদের সাপ্লাই সর্ট হয়ে আসে, তারা একদম নিরুপায় হয়ে বুলেট ইউজ করে। এসব জায়গায় পুলিশ সাধারণত রাবার বুলেট ছাড়া গুলি ছোড়েন না কিন্তু তারা মন্দির রক্ষা ও তাদের বাঁচানোর জন্য ছুঁড়তে বাধ্য হয়েছেন। নোয়াখালীতে বিসর্জন ১২টার মধ্যে তারা শেষ করেছে। জুমার নামাজও শেষ হয়েছে। ২টার মধ্যে সব মুসলমান বাসায় ফিরে গেছেন। আড়াইটার দিকে আমাদের পুলিশ লাঞ্চে গিয়েছিল, সে সময় পাশের মাদ্রাসা থেকে কয়েজন এসে বুঝে হোক আর না বুঝে মন্দিরে হামলা করে। আমরা কাউকে প্রাপ্ত বয়স্ক বলবো না, তারা সবাই টিনএজার। যতন সাহা নামে একজনকে হাসপাতালে নেয়ার পরে মৃত্যুবরণ করেন। গুলি বর্ষণ বা ধারালো অস্ত্র দিয়ে মারধর হয়নি। আরেকটা ছেলে ভয়ে পুকুরে পড়ে মারা গেছে। রাতে কেউ বলেনি, ছেলেটি মিসিং। বললে খুঁজে বের করা যেত। সকালে তার মরদেহ পুকুরে ভেসে উঠে। এই নিয়ে ৭ জনের মৃত্যু হয়েছে।

স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, রংপুরে পরিতোষ সরকার ফেইসবুকে ধর্মীয় উসকানি দিয়ে ঘটনাটি ঘটিয়েছে। তিনি ফেইসবুকে কাবা শরিফ নিয়ে কুরুচিপূর্ণ স্ট্যাটাস দেন। এটা দেখে তার বন্ধুরা উত্তেজিত হয়ে যায়। তার মুসলমান বন্ধুরাও পোস্ট দেয় এবং সবাইকে বিচার করার জন্য আহ্বান করে। এতেই ঘটনাটি ঘটে। পুলিশ মনে করেছে ছেলেটা যে গ্রামের বাসিন্দা সেই গ্রামের হামলা হবে। তারা নিরাপত্তা দিয়েছিল। চিহ্নিত কতগুলো গ্রামের লোক ওই গ্রাম থেকে কয়েক কিলোমিটার দূরে একটি গ্রামে হামলা করে। বাড়ি-ঘরে অগ্নিসংযোগ করে এবং লুট করে। রামুর তদন্ত শেষ হয়েছে। সেখানে সাক্ষী যাচ্ছে না। নাসির নগরের একটি মামলা বাকি রয়েছে, অন্য সবগুলো অভিযোপত্র দেয়া হয়েছে। সেখানেও সাক্ষীরা যাচ্ছে না। ভোলার ঘটনায় দু'পক্ষের মধ্যে মীমাংসা হয়েছে, সেখানে আর অসুবিধা হয়নি। পুলিশ জানিয়েছে, সাক্ষীরা এখন সাক্ষী দিতে চায় না। তারা অনীহা প্রকাশ করছে। সেই কারণে বিচার দেরি হতে পারে। বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। তারা তাদের জুরিসডিকশানে চলে।

উল্লেখ্য, ১৩ অক্টোবর রাত আড়াইটা থেকে ভোর সাড়ে ৬টার মধ্যে সাম্প্রদায়িক উসকানিমূলক ঘটনাটি ঘটে। এ ঘটনার জের ধরে নানুয়া দিঘিরপাড় পূজামণ্ডপসহ নগরীর কয়েকটি প্রতিমা ভাঙচুর করা হয়। পরবর্তীতে দেশের বিভিন্ন স্থানে সংঘর্ষ, প্রতিমা ভাঙচুর, ঘরবাড়িতে আগুন দেয়া হয়। এ ইস্যুতে কয়েকজনের প্রাণহানির ঘটনাও ঘটে।

(রেডিও তেহরান, পার্স টুডে ওয়েব পেজ : ১৯৪০ ঘ. ২১.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

## এনএইচকে

### তালিবানকে আমন্ত্রণ জানিয়ে আন্তর্জাতিক একটি বৈঠকের আয়োজন করেছে রাশিয়া

রুশ সরকার আফগানিস্তান বিষয়ে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করেছে, তালিবানসহ ৯টি আঞ্চলিক দেশের কর্মকর্তাদের যেখানে আমন্ত্রণ জানানো হয়। বুধবার মস্কোতে আন্তর্জাতিক এই বৈঠক অনুষ্ঠিত হয়েছে। রুশ সরকার জানায় যে, তালিবানের প্রতিনিধিরা চীন, ইরান, পাকিস্তানসহ অন্যান্য দেশের প্রতিনিধি দলের সাথে মতামত বিনিময় করেন।

আলোচনার সময় রুশ পররাষ্ট্রমন্ত্রী সের্গেই লাভরভ বলেন, ইসলামিক স্টেট গ্রুপ এবং অন্যান্য সন্ত্রাসী সংগঠনগুলো মাথা তুলে দাঁড়ানোর জন্য পরিস্থিতির সুবিধা নেয়ার চেষ্টা করছে। চরমপন্থী গ্রুপের সদস্যদের প্রতিবেশী দেশে প্রবেশ রোধ করতে নিরাপত্তা পদক্ষেপ জোরদার করে নিতে তালিবানের প্রতি তিনি আহ্বান জানান। জাতিসংঘের পৃষ্ঠপোষকতায় আন্তর্জাতিক একটি দাতা সম্মেলন আয়োজনের জন্য অংশগ্রহণকারী দেশগুলো প্রস্তাব দিয়েছে।

সত্যিকার অর্থে একটি অন্তর্ভুক্তিমূলক সরকার গঠনের জন্যেও তারা তালিবানের প্রতি আহ্বান জানায়। জাতীয় সমঝোতা অর্জনের লক্ষ্যে এটা মৌলিক একটি পূর্বশর্ত হবে বলে দেশগুলো নিশ্চিত করেছে। তালিবানের অন্তবর্তী সরকারের ভারপ্রাপ্ত উপ-প্রধানমন্ত্রী আবদুল সালাম হানাফি বলেন, আন্তর্জাতিক সম্প্রদায়ের যে কোনো ধরনের উদ্বেগ সামাল দিতে তার প্রশাসন প্রস্তুত আছে। (এনএইচকে ওয়েব পেজ : ১৭০০ ঘ. ২১.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে সহিংসতা ; পশ্চিমবঙ্গের সংখ্যালঘুরা উদ্বিগ্ন

মিলেমিশে থাকাটাই বাঙালির পরম্পরা। সম্প্রতি বাংলাদেশের সহিংসতায় আহত সেই পরম্পরা। তাতেই উদ্বিগ্ন পশ্চিমবঙ্গের সংখ্যালঘুরা।

বাংলাদেশের একের পর এক ঘটনা বিচলিত করেছে পশ্চিমবঙ্গের প্রগতিশীল মহলকে। এই মহলের একটা উল্লখযোগ্য অংশ সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষেরা। তারা দ্বিধাহীন কণ্ঠে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের নিন্দা করেছেন। বাংলাদেশ সরকারের কাছে আবেদন জানিয়েছেন, অপরাধীদের পাকড়াও করে শাস্তি দেয়া হোক। 'বেঙ্গল ইমাম অ্যাসোসিয়েশন' এক বিবৃতিতে এই হামলাকে 'ইসলামবিরোধী' তকমা দিয়ে বলেছে, ভারতের সংখ্যালঘু হিসেবে আমরা বুঝতে পারছি আমাদের হিন্দু ভাই-বোনেরা কী অভিজ্ঞতার মধ্য দিয়ে যাচ্ছেন।

বাংলার যৌথ জীবনের পরম্পরায় উজ্জ্বল হয়ে ওঠে কয়েকটি নাম। এর মধ্যে অন্যতম মুর্শিদাবাদের কান্দির প্রাক্তন বিধায়ক সফিউল আলম খান ওরফে বনু খান। তিনি প্রতি বছর দুর্গামূর্তি গড়েন। বাংলাদেশের কুমিল্লা, চট্টগ্রামসহ বিভিন্ন জেলায় সেই প্রতিমাকে আক্রান্ত হতে দেখে কংগ্রেস নেতার হৃদয় রক্তাক্ত। তিনি ডয়চে ভেলেকে বলেন, বাংলাদেশে যা হয়েছে তা জঘন্যতম কাজ। মৌলবাদীদের কোনো জাত, ধর্ম নেই। মানুষের মধ্যে বিভেদ করার জন্যই এই ঘটনা। উগ্রবাদীরা ধর্মগ্রন্থ রেখে গিয়ে পরিকল্পিতভাবে হামলা চালিয়েছে। বাংলাদেশ সরকার দ্রুত ব্যবস্থা নিয়েছে। এই ঘটনার প্রতিক্রিয়া যাতে এখানে না হয়, আমরা চেষ্টা করছি।

(ডয়চে ভেলে, ডি ডব্লিউ ওয়েব পেজ : ১৮০০ ঘ. ২১.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

## মুগদা হাসপাতালে আগুন

ঢাকায় মুগদা জেনারেল হাসপাতালের আইসিইউ ইউনিটে পরিচ্ছনতা কাজের সময় আগুন লেগে অন্তত পাঁচ কর্মী দগ্ধ হয়েছেন, আহত হয়েছেন একজন। বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার দিকে সেখানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

হাসপাতালের পরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা খন্দকার তৌফিক বাংলাদেশে ডয়চে ভেলের কনটেন্ট পার্টনার বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে জানান, হাসপাতালের ছয় তলায় একটি আইসিইউতে হঠাৎ বিস্ফোরণ ঘটে এবং আগুন ধরে। পরে ফায়ার সার্ভিস কর্মীরা এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। মুগদা মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. আহমদুল কবির বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, অগ্নিকাণ্ডের সময় ওই ইউনিটে কোনো রোগী ছিল না, যে ছয়জন আহত হয়েছেন তারা সবাই হাসপাতালের কর্মী। ঘটনার সময় কোনো রোগী সেখানে ছিল না। হাসপাতালের কর্মীরাই পরিচ্ছন্নতার কাজ করছিলেন। আজ কাজ হচ্ছিল ক্যাথল্যাবে। আহতদের এখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে বার্ন ইউনিটে পাঠানো হয়েছে।

ফায়ার সার্ভিস নিয়ন্ত্রণ কক্ষের কর্মকর্তা এনায়েত হোসেন জানিয়েছেন, সাতটি ইউনিটের প্রচেষ্টায় বেলা ১২টা ৫৮ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। আগুন লাগার কারণ সম্পর্কে তাৎক্ষণিকভাবে কোনো তথ্য দিতে পারেনি ফায়ার সার্ভিস। অগ্নিকাণ্ডের পর মুগদা হাসপাতালের ছয় কর্মীকে ঢাকা মেডিকেলে পাঠানো হয়েছে। পাঁচজনকে শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে এবং একজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ক্যাজুয়ালটি বিভাগে ভর্তি করা হয়েছে। (ডয়চে ভেলে, ডি ডব্লিউ ওয়েব পেজ : ১৮০০ ঘ. ২১.১০.২০২১ সোনিয়া ও নারগীস)

# রেডিও এবিসি

## এক যুবককে মারধরের ঘটনায় ভুল স্বীকার করেছেন চাঁপাইনবাবগঞ্জের এক ইউপি চেয়ারম্যান

সাইকেল চোর সন্দেহে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলার চরবাগডাংগা ইউনিয়নে এক যুবককে মারধরের ঘটনায় ভুল স্বীকার করেছেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহীদ রানা। বুধবার ওই যুবক ও তার বড় ভাইকে ইউপি ভবনে ডেকে ভুল স্বীকার করেছেন তিনি। সাইকেল চোর সন্দেহে শহীদ রানা এক যুবককে মারধর করছেন এমন একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হলে ঘটনাটি নিয়ে সমালোচনা হয়।

(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

## টানা সাতদিন দর পতনের পর আজও সূচক কমেছে শেয়ার বাজারে

টানা সাতদিন দর পতনের পর আজও সূচক কমেছে শেয়ার বাজারে। বৃহস্পতিবার চলতি সপ্তাহের শেষ কার্যদিবসের প্রথম আধা ঘণ্টায় প্রধান শেয়ার বাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ ডিএসই'র প্রধান সূচক ডিএসইএক্স কমেছে ৭ পয়েন্ট। অবস্থান করছে ৭ হাজার ১২ পয়েন্টে। তবে লেনদেনের শুরুতে প্রথম দশ মিনিটে এই সূচকটি বেড়েছিল ৭৩ পয়েন্ট।

(রেডিও এবিসি : ১৫০০ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

## রোহিঙ্গা বসবাসরত এলাকাগুলোতে আইন-শৃঙ্খলা রক্ষায় বেশকিছু সিদ্ধান্ত নিয়েছে সরকার

রোহিঙ্গা বসবাসরত এলাকাগুলোতে আইন-শৃঙ্খলা রক্ষায় বেশকিছু সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর মধ্যে ভাসানচর থেকে সন্ধ্যার পরে মূল ভূখণ্ডে কোনো নৌ-যান চলবে না। সন্ধ্যার পর ভাসানচর থেকে নোয়াখালী কিংবা হাতিয়ায় যাতায়াত বন্ধ থাকবে। আজ বৃহস্পতিবার সচিবালয়ে এই সংক্রান্ত জাতীয় কমিটির সভা শেষে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান এই সিদ্ধান্ত জানান। এছাড়া স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ইকবাল হোসেন নামের ব্যক্তিটি কার প্ররোচনায় কুমিল্লার পূজামণ্ডপে পবিত্র কোরআন শরীফ রেখেছে, তা তাকে ধরতে পারলে সবকিছু পরিষ্কার হবে। এখন পলাতক ইকবাল হোসেনকে ধরার সর্বোচ্চ চেষ্টা চলছে। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**রুমা সরকারকে দু'দিনের রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করার অনুমতি দিয়েছেন আদালত**

ফেইসবুকে অপপ্রচার চালানোর অভিযোগে ডিজিটাল নিরাপত্তা আইনে গ্রেফতার রাজধানীর বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের সহকারী অধ্যাপক রুমা সরকারকে দু'দিনের রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করার অনুমতি দিয়েছেন আদালত। বৃহস্পতিবার ঢাকার সিএমএম আদালত থেকে এই আদেশ দেয়া হয়।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**জামিন পেলেন ওয়ার্ড কাউন্সিলর চিত্ত রঞ্জন দাস**

যৌন নিপীড়নের অভিযোগে করা মামলায় জামিন পেলেন সবুজবাগ থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং দক্ষিণ সিটি কর্পোরেশনের ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর চিত্ত রঞ্জন দাস। ঢাকার সিএমএম আদালত তার জামিন মঞ্জুর করেন। (রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**রাজধানীর মুগদা জেনারেল হাসপাতালে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে**

রাজধানীর মুগদা জেনারেল হাসপাতালে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। পরে ফায়ার সার্ভিস আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে ১০জন আহত হয়েছেন। বৃহস্পতিবার দুপুর ১২টা ৩০ মিনিটে হাসপাতালের ছয় তলায় আগুন লাগার খবর পাওয়া যায়। বেলা ১টায় আগুন নিয়ন্ত্রণে আসে বলে ফায়ার সার্ভিসের পক্ষ থেকে জানানো হয়েছে।
(রেডিও এবিসি : ১৮০০ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

## রেডিও টুডে

**কক্সবাজারের উখিয়ার রোহিঙ্গা ক্যাম্পে দু'পক্ষের সংঘর্ষে অন্তত চারজন নিহত**

কক্সবাজারের উখিয়ায় শুক্রবারে দুই গ্রুপের সংঘর্ষে চার রোহিঙ্গা নিহত হয়েছেন। আহত হয়েছেন আরো অন্তত ১০জন। সংঘর্ষের ঘটনায় অস্ত্রসহ মুজিবুর রহমান নামের একজনকে আটক করেছে আর্মড পুলিশ। শুক্রবার ভোরে উখিয়ার ১৮ নম্বর ক্যাম্পের এস ব্লকে এই ঘটনা ঘটে বলে জানিয়েছে পুলিশ। দু'গ্রুপের সংঘর্ষের ঘটনায় নিহতরা হলেন মোহাম্মদ ইদ্রিস, মোহাম্মদ ইব্রাহিম, হোসেন আজিজুল হক ও মোহাম্মদ আমীন। কী কারণে এই সংঘর্ষ হয়েছে তা এখনো জানাতে পারেনি পুলিশ। (রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ২২.১০.২০২১ আসাদ ও নারগীস)

**আজ অনুষ্ঠিত হবে ঢাবির 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ। বেলা ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত ঢাকাসহ দেশের সাতটি বিভাগীয় শহরের কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'গ' ইউনিটে এবার ১ হাজার ২৫০ আসনের বিপরীতে ২৭ হাজার ৩৭৪ জন লড়ছেন। সেই হিসাবে প্রতি আসনের বিপরীতে লড়ছেন ২২ জন।
(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ২২.১০.২০২১ আসাদ ও নারগীস)

**পূজামণ্ডপে কোরআন শরীফ রাখার ঘটনায় প্রধান অভিযুক্ত ইকবাল গ্রেফতার**

কুমিল্লার নানুয়ার দিঘীর পাড়ের অস্থায়ী পূজা মণ্ডপে পবিত্র কোরআন শরীফ রাখার ঘটনায় প্রধান অভিযুক্ত ইকবাল হোসেনকে কক্সবাজার থেকে গ্রেফতার করেছে পুলিশ। আজ রাত সাড়ে ১০টার দিকে সুগন্ধা পয়েন্ট থেকে তাকে গ্রেফতার করা হয়। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন কক্সবাজারের অতিরিক্ত পুলিশ সুপার মোঃ রফিকুল ইসলাম।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২১.১০.২০২১ আসাদ ও নারগীস)

**১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের করোনার টিকা আগামী ৩০ অক্টোবর থেকে শুরু হতে পারে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, ১২ থেকে ১৭ বছর বয়সী শিক্ষার্থীদের করোনার টিকাদান কার্যক্রম আগামী ৩০ অক্টোবর থেকে শুরু হতে পারে। প্রায় দেড় কোটি শিশু শিক্ষার্থীকে এই টিকা দেয়া হবে। রাজধানীতে জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ এর উদ্বোধনী অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২১.১০.২০২১ আসাদ ও নারগীস)

**করোনায় দেশের কিছু প্রত্যন্ত অঞ্চলে স্বাভাবিক সময়ের চেয়ে বাল্য বিয়ে বেশি হয়েছে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডাক্তার দীপু মনি বলেছেন, করোনা মহামারির কারণে দেশের কিছু প্রত্যন্ত অঞ্চলে স্বাভাবিক সময়ের চেয়ে বাল্য বিয়ে বেশি হয়েছে। বিয়ে হয়ে যাওয়া এসব মেয়েদের আবার ক্লাসে ফিরিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। বিকেলে গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নে এসব কথা বলেন শিক্ষামন্ত্রী। এ সময় মন্ত্রী আরো বলেন, এই মুহূর্তে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাসের সংখ্যা বাড়াতে পারছেন না, নতুন বছর শুরু হলে এবং তখন সংক্রমণ আরো কমে গেলে ক্লাসের সংখ্যা বাড়াতে পারবেন বলে তিনি আশাবাদী।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২১.১০.২০২১ আসাদ ও নারগীস)

**টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্ব সুপার টুয়েলভ নিশ্চিত করেছে বাংলাদেশ ও স্কটল্যান্ড**

টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্ব সুপার টুয়েলভ নিশ্চিত করেছে বাংলাদেশ ও স্কটল্যান্ড। আজ গ্রুপ 'বি'' তে নিজ নিজ ম্যাচে জয় তুলে নিয়ে সুপার টুয়েলভ এর টিকেট নিশ্চিত করে দল দুটি। বিকেলে ওমানের আল আমিরাত স্টেডিয়ামে পাপুয়া নিউগিনিকে ৮৪ রানে পরাজিত করে বাংলাদেশ। আর রাতে একই মাঠে আরেক ম্যাচে স্বাগতিক ওমানের বিপক্ষে ৮ উইকেটে জয়ী হয়েছে স্কটল্যান্ড। গ্রুপ পর্বে নিজেদের তিনটি ম্যাচে জয়ের সুবাদে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সুপার টুয়েলভে উন্নীত হয়েছে স্কটল্যান্ড। আর দুটি ম্যাচে জয় নিয়ে গ্রুপ রানার্সআপ বাংলাদেশ।
(রেডিও টুডে : ২৩৪৫ ঘ. ২১.১০.২০২১ আসাদ ও নারগীস)

**সরকারের ধারাবাহিকতা আছে বলেই উন্নয়ন সম্ভব হচ্ছে : প্রধানমন্ত্রী**

রাজধানী পূর্বাচলে নবনির্মিত বঙ্গবন্ধু বাংলাদেশ-চীন মৈত্রী প্রদর্শনী কেন্দ্র উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকালে গণভবন থেকে ভার্চুয়ালি প্রধানমন্ত্রী এই প্রকল্প উদ্বোধন করেন। এ সময় সরকারের ধারাবাহিকতা আছে বলেই উন্নয়ন সম্ভব হচ্ছে উল্লেখ করে তিনি বলেন, রপ্তানি আয় বাড়াতে পণ্যের বহুমুখীকরণ প্রয়োজন। উদ্বোধনী অনুষ্ঠানে চীনের সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারের বিষয়েও কথা বলেন সরকার প্রধান।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**কুমিল্লা মহানগর আওয়ামী লীগের নবনির্মিত কার্যালয় উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

কুমিল্লা মহানগর আওয়ামী লীগের নবনির্মিত কার্যালয় উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই কার্যালয়ের উদ্বোধন করেন আওয়ামী লীগ সভাপতি। এসময় তিনি বলেন, কুমিল্লার ঘটনায় অন্যের ধর্মকে হেয় করতে গিয়ে পবিত্র কোরআনের অবমাননা করা হয়েছে। কাউকে আইন হাতে না তুলে নেয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**সুরেন্দ্র কুমার সিনহাসহ ১১জনের বিরুদ্ধে দায়ের করা অর্থ আত্মসাতে মামলার রায় আবারো পিছিয়েছে**

সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাসহ ১১জনের বিরুদ্ধে দায়ের করা অর্থ আত্মসাতে মামলার রায় আবারো পিছিয়েছে। আগামী ৯ নভেম্বর রায় ঘোষণার পরবর্তী দিন নির্ধারণ করেছেন আদালত। ঢাকার বিশেষ জজ আদালত-৪ এর বিচারক শেখ নাজমুল আলমের আদালতে আজ এই মামলার রায় ঘোষণার দিন ধার্য ছিল। এ নিয়ে দ্বিতীয়বারের মতো এই মামলার রায় পেছালো। এর আগে গত ৫ অক্টোবর রায় ঘোষণার দিন ধার্য থাকলেও বিচারক অসুস্থ থাকায় তারিখ পিছিয়ে আজকের দিন ধার্য করা হয়েছিল। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**মানবতাবিরোধী অপরাধের মামলায় ময়মনসিংহ জেলার ১২জনের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি**

একাত্তরে মানবতা বিরোধী অপরাধের অভিযোগে দায়ের হওয়া মামলায় ময়মনসিংহ জেলার ১২জনের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারির আদেশ দিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। আজ ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি শাহিনুল ইসলামের নেতৃত্বে তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল এই আদেশ দেন। পরে রাষ্ট্রপক্ষের কৌঁসুলী তাপস কান্তি বল সাংবাদিকদের জানান, আসামিদের বিরুদ্ধে হত্যা, গণহত্যা, অপহরণ, নির্যাতন ও লুণ্ঠনসহ মানবতা বিরোধী অপরাধের অভিযোগের তদন্ত শেষ পর্যায়ে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে তিস্তা নদীর পানি**

এখনো বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে তিস্তা নদীর পানি। এতে পানিবন্দি হয়ে পড়েছেন লালমনিরহাট জেলার ৪০ হাজার পরিবার। ঘরবাড়ি তলিয়ে যাওয়ায় অনেকে এখন নিঃস্ব হয়ে আশ্রয় নিয়েছেন সড়কে খোলা আকাশের নিচে। মাথা গোঁজার ঠাঁই হারিয়ে উঁচু বাঁধে মানবেতর দিন কাটাচ্ছেন হাজারো মানুষ। এদিকে কাকিনা-মহিপুর সড়ক ভেঙে যাওয়ায় ৪টি উপজেলার সাথে রংপুর সদরের যোগাযোগ বন্ধ হয়ে গেছে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**ভারত ও নেপালে ভারী বৃষ্টিপাতের পর সৃষ্ট বন্যা ও ভূমি ধসে মৃতের সংখ্যা ১৫০ ছাড়িয়েছে**

ভারত ও নেপালে ভারী বৃষ্টিপাতের পর সৃষ্ট বন্যা ও ভূমি ধসে মৃতের সংখ্যা ১৫০ ছাড়িয়েছে। এখনো নিখোঁজ রয়েছেন অনেকে। দেশ দু'টিতে প্রতিদিনই লাশের সংখ্যা বাড়ছে। রয়টার্স জানিয়েছে, নেপাল সরকারের তথ্যমতে, দেশটিতে মৃতের সংখ্যা বেড়ে ৭৭জনে দাঁড়িয়েছে। ভারতের উত্তরাখণ্ড রাজ্য কর্তৃপক্ষ জানিয়েছে, গত কয়েকদিনের বন্যা ও ভূমি ধসে সেখানে প্রাণ হারিয়েছেন ৪৬জন। আর কেরালা রাজ্য কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী সেখানকার চলমান বন্যা পরিস্থিতিতে এ পর্যন্ত ৩৯জনের মৃত্যু হয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**চলমান করোনা মহামারি সংকট ২০২২ সালেও গড়াবে : বিশ্ব স্বাস্থ্য সংস্থা**

বিশ্বের দরিদ্র দেশগুলো পর্যাপ্ত টিকা না পাওয়ায় চলমান করোনা মহামারি সংকট ২০২২ সালেও গড়াবে বলে সতর্ক করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ডব্লিউএইচও। সেজন্য সম্পদশালী দেশগুলোকে টিকা অনুদানে এগিয়ে আসার আহ্বান

জানিয়েছে সংস্থাটি। বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক জ্যেষ্ঠ কর্মকর্তার বরাত দিয়ে বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, যেখানে অন্যান্য মহাদেশের প্রায় ৪০ শতাংশ মানুষ এরই মধ্যে করোনার টিকা নিয়েছে সেখানে আফ্রিকা মহাদেশের মোট জনসংখ্যার মাত্র ৫ শতাংশ মানুষ টিকা পেয়েছেন। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**কুমিল্লার ঘটনায় জড়িত ব্যক্তিকে আইন-শৃঙ্খলা বাহিনী চিহ্নিত করেছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

কুমিল্লার ঘটনায় জড়িত ব্যক্তিকে আইন-শৃঙ্খলা বাহিনী চিহ্নিত করেছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেছেন, ইকবাল হোসেন নামের ওই ব্যক্তি কারো প্ররোচনায় কুমিল্লার পূজামণ্ডপে কোরআন শরীফ রেখে আসতে পারেন। আজ সচিবালয়ের এক সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। এ সময় তিনি জানান, ওই ঘটনায় কেউ ইন্ধন দিয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**দেশে করোনা মহামারিতে ২৪ ঘণ্টায় ১০জনের মৃত্যু**

দেশে করোনা মহামারিতে ২৪ ঘণ্টায় ১০জনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন সনাক্ত হয়েছে ২৪৩জন করোনা রোগী। এ নিয়ে দেশে করোনায় মোট সনাক্তের সংখ্যা দাঁড়ালো ১৫ লাখ ৬৬ হাজার ৯০৭জনে, যাদের মধ্যে মারা গেছেন ২৭ হাজার ৮০১জন। বিকেলে স্বাস্থ্য অধিদফতরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**বিশ্বজুড়ে দৈনিক মৃত্যুর সংখ্যা ফের বেড়েছে**

চলমান করোনা মহামারিতে বিশ্বজুড়ে দৈনিক মৃত্যুর সংখ্যা ফের বেড়েছে। একই সঙ্গে আগের দিনের তুলনায় বেড়েছে নতুন সনাক্ত রোগীর সংখ্যাও। গত ২৪ ঘণ্টায় সারাবিশ্বে করোনায় আক্রান্ত হয়ে মারা গেছেন সাড়ে ৭ হাজার মানুষ। একই সময়ে নতুন করে আক্রান্ত মানুষের সংখ্যা ছাড়িয়েছে ৪ লাখ ৫০ হাজার।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**একটি শক্তিশালী ও দায়িত্বশীল বিরোধী দলের যে প্রত্যাশা তা পূরণে বিএনপি ব্যর্থ হয়েছে : সেতুমন্ত্রী**

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, একটি শক্তিশালী ও দায়িত্বশীল বিরোধী দলের যে প্রত্যাশা তা পূরণে বিএনপি ব্যর্থ হয়েছে এবং দলটির নেতারা এখন নিজেদের অক্ষমতা আড়াল করতে পুরোনো রেকর্ড বাজিয়ে যাচ্ছে। মন্ত্রী আজ সকালে তাঁর সরকারি বাসভবনে ব্রিফিংকালে এসব কথা বলেন। এ সময় বিএনপিকে গুজব ও অপপ্রচার না চালিয়ে জনগণের পক্ষে কথা বলার আহ্বান জানান ওবায়দুল কাদের। এর আগে নির্মাণাধীন ৩৫টি সেতু ও রংপুর জোনের দু'টিসহ মোট ৩৭টি সেতুর উদ্বোধন করেন সেতুমন্ত্রী।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**সামিয়া রহমানের গবেষণা জালিয়াতি; তদন্ত কমিটির প্রতিবেদন ও যাবতীয় নথি হাইকোর্টে দাখিল**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের শিক্ষক সামিয়া রহমানের গবেষণা জালিয়াতির অভিযোগ সংক্রান্ত তদন্ত কমিটির প্রতিবেদন ও অন্যান্য যাবতীয় নথি হাইকোর্টে দাখিল করা হয়েছে। আগামী রোববার এ বিষয়ে শুনানি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। আজ শুনানির তারিখ থাকলেও রিটকারী সামিয়া রহমানের আইনজীবীর আবেদনের প্রেক্ষিতে বিচারপতি এম. এনায়েতুর রহিম ও বিচারপতি মোহাম্মদ মোস্তাফিজুর রহমানের হাইকোর্ট বেঞ্চ শুনানি আজ নয় বলে আদেশ দেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**টানা ৭দিন দর পতনের পর আজ ঘুরে দাঁড়িয়েছে বাংলাদেশের পুঁজি বাজারের শেয়ারের মূল্য সূচক**

টানা ৭দিন দর পতনের পর আজ ঘুরে দাঁড়িয়েছে বাংলাদেশের পুঁজি বাজারের শেয়ারের মূল্য সূচক। টানা পতনে প্রায় সাড়ে ৩০০ পয়েন্ট হারানোর পর সপ্তাহের শেষ কার্যদিবসে আজ বৃহস্পতিবার দেশের প্রধান পুঁজি বাজার ঢাকা স্টক এক্সচেঞ্জের সূচক ৫৫ পয়েন্ট বা প্রায় দশমিক ৮ শতাংশ যোগ হয়েছে। এতে দিন শেষে ডিএসইএক্স সূচক দাঁড়িয়েছে ৭ হাজার ৭৬ পয়েন্টে। আর লেনদেন হয়েছে ১ হাজার ৩১০ কোটি ৯৭ লাখ টাকার শেয়ার। হাত বদল হওয়া বিভিন্ন কোম্পানির শেয়ারের মধ্যে দাম বেড়েছে ১৫৩টির, কমেছে ১৭৯টির এবং অপরিবর্তিত রয়েছে ৪২টির দাম। এদিকে দেশের অপর পুঁজি বাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, সিএসইতে লেনদেন হয়েছে ৪১ কোটি ৮১ লাখ টাকার শেয়ার। আর সিএসই সূচক ৩০ পয়েন্ট বেড়ে দাঁড়িয়েছে ১৪ হাজার ৭৯১ পয়েন্টে।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

**পাপুয়া নিউগিনির বিপক্ষে ৮৪ রানের বিশাল জয় তুলে নিয়েছে বাংলাদেশ**

টি-টোয়েন্টি বিশ্বকাপের গ্রুপ পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে পাপুয়া নিউগিনির বিপক্ষে ৮৪ রানের বিশাল জয় তুলে নিয়েছে বাংলাদেশ। এই জয়ে টাইগারদের সুপার টুয়েলভে খেলার সম্ভাবনা এখন উজ্জ্বল। বিকেলে ওমানের আল আমিরাত স্টেডিয়ামে টস জিতে আগে ব্যাট করার সিদ্ধান্ত নেন টাইগার দলপতি মাহমুদুল্লাহ রিয়াদ। তবে ইনিংসের প্রথম ওভারে শূন্য রানে সাজঘরে ফেরেন আগের ম্যাচের হাফ সেঞ্চুরিয়ান মোহাম্মদ নাঈম। ওয়ান ডাউনে নেমে লিটন দাসের সঙ্গে

৫০ রানের জুটি গড়েন সাকিব আল হাসান। লিটন ব্যক্তিগত ২৯ রানে আউট হলে ভাঙ্গে এই জুটি। এরপর অভিজ্ঞ ব্যাটসম্যান মুশফিক মাত্র ৫ রানে আউট হওয়ার পর অধিনায়ক মাহমুদুল্লাহর সাথে জুটি বেঁধে রানের চাকা সচল রাখেন সাকিব। ৩৭ বলের মোকাবেলায় সাকিব করেন ৪৬ রান। আর মাত্র ২৮ বলে ৫০ রানের দৃষ্টিনন্দন ইনিংস উপহার দেন টাইগার ক্যাপ্টেন। সাকিব, মাহমুদুল্লাহ আউট হওয়ার পর শেষদিকে আফিফ হোসেনের ১৪ বলে ২১ আর মোহাম্মদ সাইফুদ্দিনের ৬ বলে ১৯ রানের ঝড়ো ইনিংসে ১৮১ রানের ফাইটিং স্কোর গড়ে বাংলাদেশ। ১৮২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে মাত্র ২৯ রানে ৭ উইকেট হারিয়ে ধ্বংসস্তূপে পরিণত হয় পাপুয়া নিউগিনি। তবে শেষের ব্যাটসম্যানরা কিছুটা প্রতিরোধ গড়লে ১৯ ওভার ৩ বল পর্যন্ত খেলে সব উইকেট হারিয়ে ৯৭ রান তুলতে পারে পাপুয়া নিউগিনি। বাংলাদেশের পক্ষে ৪ ওভারে মাত্র ৯ রানের বিনিময়ে ৪ উইকেট শিকার করেছেন সাকিব। আর দুটি করে উইকেট নিয়েছেন সাইফুদ্দিন ও তাসকিন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ২১.১০.২০২১ প্রতীক ও নারগীস)

# BBC

**WHO SAYS JAB INEQUITY MEANS PANDEMIC WILL DRAG ON**

The Covid pandemic will go on for a year longer than it needs to because poorer countries are not getting the vaccines they need, the World Health Organization (WHO) says. Dr Bruce Aylward, senior leader at the WHO, said it meant the Covid crisis could easily drag on deep into 2022. Less than 5% of Africa's population have been vaccinated, compared to 40% on most other continents. The UK has delivered more than 10 million vaccines to countries in need. It has pledged a total of 100 million.
(BBC : 2200+2300 hrs. 21.10.2021 Faruk & Nargis)

**TRUMP TO LAUNCH RIVAL TO SOCIAL MEDIA GIANTS**

Former US President Donald Trump has announced plans to launch a new social media network, called TRUTH Social. He said the platform would stand up to the tyranny of big tech, accusing them of silencing opposing voices in the US. Social media played a pivotal role in Mr Trump's bid for the White House and was his favourite means of communication as president. But Mr Trump was banned from Twitter and suspended from Facebook after his supporters stormed the US Capitol. (BBC : 2200+2300 hrs. 21.10.2021 Faruk & Nargis)

**SOUTH KOREA LAUNCHES FIRST HOMEGROWN SPACE ROCKET**

South Korea has launched its first homegrown rocket, stepping up the country's ambitions in space. The Korean Satellite Launch Vehicle II, known as Nuri, took off from Goheung, about 500km south of Seoul. President Moon Jae-in said the vehicle completed its full flight sequence but failed in its goal to putting a dummy satellite in orbit. Such launches are essential for a space programme but could potentially also have military applications.
(BBC : 2200+2300 hrs. 21.10.2021 Faruk & Nargis)

**LEAK REVEALS LOBBYING TO CHANGE KEY CLIMATE REPORT**

A huge leak of documents seen by BBC News shows how countries are trying to change a crucial scientific report on how to tackle climate change. The leak reveals Saudi Arabia, Japan and Australia are among countries asking the UN to play down the need to move rapidly away from fossil fuels. It also shows some wealthy nations are questioning paying more to poorer states to move to greener technologies. This lobbying raises questions for the COP-26 climate summit in November.
(BBC : 2200+2300 hrs. 21.10.2021 Faruk & Nargis)

**GREED CAUSING DEATH AND DESTRUCTION IN HIMALAYAS IN INDIA**

After two successive landslides killed dozens of people in the northern Indian state of Himachal Pradesh, people are still reeling from the shock. Known for its lush valleys and snow-covered mountains, Kinnaur district in the state is a major contributor to the hydro-power generated in the Himalayan state. But locals blame the construction of these dams for the disasters that have been unfolding recently. They are now demanding an end to building new dams. (BBC : 2200+2300 hrs. 21.10.2021 Faruk & Nargis)

**INDIA CROSSES ONE BILLION COVID JABS MARK**

India has administered more than a billion Covid jabs since it started its vaccination drive in January this year. It achieved this milestone in 278 days - the first vaccine was given on 16 January. It has fully vaccinated about 30% of the eligible population and 707 million have had the first dose. India aims to fully vaccinate about a billion people by the end of 2021, but

experts say the drive needs to pick up pace further to meet the target. This milestone makes India the second country to reach the one billion mark - China crossed it in June.
(BBC : 2200+2300 hrs. 21.10.2021 Faruk & Nargis)

**DEATH TOLL PASSES 180 IN NEPAL-INDIA FLOODS**

More than 180 people have died after heavy rainfall triggered flash floods in Nepal and two Indian states - Uttarakhand and Kerala. Homes were submerged or crushed by rocks swept into them by landslides. At least 88 people died in Nepal and 55 in Uttarakhand, including five from a single family, with dozens more missing in both nations. Rains further south in India's Kerala state also triggered deadly floods, leaving another 42 dead there. In Nepal the victims included a family of six, among them three children, whose house was buried in a sudden deluge of soil and debris. (BBC : 2200+2300 hrs. 21.10.2021 Faruk & Nargis)

**BARBADOS ELECTS FIRST PRESIDENT FOR POST-QUEEN ERA**

Barbados has elected its first ever president as it prepares to become a republic, removing Queen Elizabeth as head of state. Dame Sandra Mason, 72, is set to be sworn in on 30 November, which will mark the country's 55th anniversary of independence from Britain. The first woman to serve on the Barbados Court of Appeals, Dame Sandra has been governor-general since 2018. The government announced the plan to move to a republic status last year. (BBC : 0600 hrs. 22.10.2021 Faruk & Nargis)

**SOUTH SUDAN HIT BY WORST FLOODS IN DECADES: UN**

The United Nations says more than 7,00,000 people have been displaced by the worst floods to hit South Sudan in decades. At least 40 people have died across the country as heavy rains and flash floods destroy livestock, farmlands and homes. The floods have mainly affected four states. Some of those who have fled have been displaced numerous times over due to conflict and three years of consecutive flooding. Scientists have blamed climate change for the flooding in South Sudan and other countries in eastern Africa.
(BBC : 0600 hrs. 22.10.2021 Faruk & Nargis)

**MOROCCO BANS UK FLIGHTS DUE TO COVID CASES RISING**

Morocco has banned flights to and from the UK due to the coronavirus pandemic. Several UK airlines and holiday companies have been told by the Moroccan government that flights will be suspended from 23:59 BST on Thursday until further notice. Flights between Morocco and Germany and the Netherlands have also been suspended. The BBC has contacted the Moroccan embassy and tourism office, as well as the UK Foreign Office for comment.
(BBC : 0600 hrs. 22.10.2021 Faruk & Nargis)

**'EXPLOSION' IN COVID INFECTIONS IN POLAND**

The UK is not the only European country seeing a surge in Covid cases. Several countries in Central and Eastern Europe are also experiencing a dramatic rise in infections. Here in Poland, we've had more than double the amount of cases compared with last week, and Health Minister Adam Niedzielski has called it an "explosion". The number of new daily infections exceeds 5,000 and the amount of people in hospital with Covid is the highest since the start of June. Mr Niedzielski said some of the highest infection rates were in regions in eastern Poland with the lowest vaccination take-up.
(BBC : 0600 hrs. 22.10.2021 Faruk & Nargis)

## THE END